# কাশফুল ১৪৩২



Cover design Tirthankar Chakraborty

দশম সংস্করণ | 10th edition



Destination
INDIAN RESTAURANT AND BAR

Award winning Indian restaurant in Huddersfield serving authentic dishes with a modern twist.
Visit us to taste the difference.
For bookings & enquiries, please call us on 01484844448.





# CONTENT


WELCOME NOTE ........ 4

MAYOR'S ADDRESS ........ 5

CHAIRMAN'S WELCOME ........ 6

FROM THE SECRETARIAT ........ 8

EDITORS' DESK ........ 10

MEET THE COMMITTEE ........ 12

YOUTH CORNER ........ 18

POTPOURRI – A COLLECTION ........ 33

CULINARY ........ 138

OUR SPONSORS ........ 144


# COME, JOIN US!

**Membership Subscription**: £125 per year (1st May – 30th April)

Payment by:
Online BACS transfer (preferred):

Account Name - Sheffield & District (SDDCC)
Sort Code - 40-32-01
Account Number - 41433288

**or**



On site during puja by cash Or by card

WE ACCEPT VISA MasterCard DEBIT & CREDIT

Please Visit Facebook page https://www.facebook.com/SheffieldDurgapuja

Please Visit Web site https://barnsleypuja.net/



***pc Sinjini Basu***

# WELCOME NOTE

# MAYOR'S ADDRESS

**BARNSLEY**
Metropolitan Borough Council



**MAYORAL OFFICE**

**Sheffield and District Durgotsab & Cultural Committee Members'**

My Ref: MSC / DJL / VW
Your Ref:
Date: 23 May 2025
Enquiries to:
Direct Dial: 01226 773804
E-Mail: mayorsoffice@barnsley.gov.uk

Dear friends,

**Sheffield & District Durgotsab & Cultural Event**

**Monday 29 September 2025**

The Mayoress and I extend our greetings to you all on behalf of the people of Barnsley.

May I convey my congratulations on organising and hosting another Durgotsab cultural festival later this year at the Milton Hall in Elsecar.

Barnsley values and respects individuals of all backgrounds, cultures, and faiths. The town is proud to be part of a multi-racial society that enriches lives and strengthens bonds. The diverse Bengali cultures brought to the borough are very much welcomed, and we look forward to learning more about your traditions and customs.

The invitation to attend the Durgotsab Cultural Festival in September is warmly received and the Mayoress and I look forward to experiencing the performances, cuisine, and atmosphere.

Thank you for the invitation and we look forward to meeting everyone on 29 September 2025.

Yours sincerely

Councillor John William Clarke JP
Mayor of Barnsley

**Town Hall, Church Street, Barnsley, S70 2TA**

# CHAIRMAN'S WELCOME



**আ**র একবছর কেটে গেলো। সবাইকার জীবনে এই একবছরে কিছু না কিছু পরিবর্তন ঘটেছে। কিন্তু তাই বলে কি দুর্গাপুজোকে আমরা ভুলে যেতে পারি। আছে এর সাথে জড়ানো অনেক স্মৃতি। বাঙালি'র জীবনে এর থেকে বড় উৎসব আর কি হতে পারে। উৎসব!! হ্যাঁ উৎসবই তো। দুর্গাপুজোকে আমরা বাঙালিরা শুধু মাত্র ধর্মানুষ্ঠান হিসেবেই দেখিনা। দুর্গাপুজোতে থাকে বিভিন্ন শিল্পকলার বহিপ্রকাশ এবং সেই সঙ্গে থাকে সামাজিক সমাবেশের সুযোগ। এক দিকে থাকে যেমন নতুন নকশার মণ্ডপ বা মা'র প্রতিমা, অন্যদিকে থাকে শারদীয়া পত্রিকার নতুন লেখা বা পুজোর নতুন সঙ্গীত তেমনি আবার অন্য দিকে থাকে নতুন নকশার পরিধান এবং একে অপরকে টেক্কা দেয়ার একটা অভিলাষ। আসলে এখনকার দুর্গাপুজোটা সাবেকি দুর্গাপুজোর থেকে অনেকটাই আলাদা। ১৮'শো থেকে ১৯ শো শতাব্দীতে দুর্গাপুজো ছিল সম্পূর্ণ ভাবে বনেদি বাড়ির ব্যাক্তিগত অনুষ্ঠান। ১৭৯০ সালে গুপ্তিপাড়ার পুজোই বোধয় প্রথম বারোয়ারি পুজো এবং সময়ের সাথে সাথে এর রূপান্তকর ঘটেছে। আধুনিক দুর্গাপুজোয় আরো পরিবর্তন লক্ষণীয়।

চারিদিকে যখন শিউলি ফুলের মনমাতানো গন্ধ তখন বাঙালিদের মনে আসে একটা অদ্ভুত অনুভূতি। সেই অনুভূতিকে প্রাণের স্পন্দন দিতে শেফিল্ড ও ডিস্ট্রিক্ট দুর্গোৎসব কমিটির ৩৭তম বৎসরে। আসুন আপনারা এই "বাড়ির পুজোকে" নিজেদের মনে করে আমাদের সাথে যোগ দিয়ে এবারের শারোদোৎসবকে সাফল্যমন্ডিত করুন এবং আমাদের আয়োজিত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে অনুভব করুন "বিদেশে" নিজের বাড়ির স্পর্শ।

জয় মা দূর্গা

**ড: প্রবাল দত্ত**
**চেয়ারম্যান**

It has been a tumultuous year, both at home and abroad. India has stood at the brink of war, while conflict continues to rage in Ukraine and Gaza, with full-blown humanitarian crises unfolding before our eyes. Simultaneously, an economic war brews, with the United States leveraging tariffs on the global stage. Amidst this turmoil, despite the bold declaration of COP29 "an insurance policy for humanity", the climate crisis seems to have quietly taken a back seat. After a summer of hose bans and parched soil, we now witness the graceful transition to autumn, as the earth dons' hues of gold and crimson. It is also the time when Goddess Durga arrives in all her splendour, a powerful symbol of strength, renewal, and divine feminine energy - lifting our spirits and bringing communities together. Since its inception, SDDC has taken conscious steps toward being a responsible, community driven organisation.



This year, our theme is “Going Green,” with a special focus on recycling. Recycling is not merely an environmental act - it is a spiritual one. In Hindu philosophy, the cycle of creation, preservation, and destruction is central to the cosmic rhythm. Just as Goddess Durga embodies the power to destroy evil and restore balance, so too does recycling transform waste into renewal. What we discard gains new life; what is broken can be reimagined. To recycle is to honour the Earth as sacred. It is an act of gratitude, of stewardship. It reminds us that nothing truly ends - it is merely reborn in another form. Let this Durga Puja be not only a celebration of divinity and culture but also a pledge toward conscious living, where we extend reverence not just to our deities but to the planet that sustains us. Let us worship Her not just in clay idols and songs, but also in our actions - by reducing waste, reusing with intention, and recycling with care.

**Dr Sugato Sarkar**
**Vice Chairman**

# FROM THE SECRETARIAT





**D**ear Members, Friends and well-wishers,

It gives us immense pleasure, on behalf of SDDCC, to extend a warm welcome to all our members and the wider community for joining us in celebrating the auspicious festival of Druga puja. This sacred occasion is not only a time for worship and devotion but also a cherished opportunity for us to come together, strengthen the bonds, and celebrate our rich cultural heritage.

SDDCC started the Durga puja in 1989 to bring people together to uphold our tradition and to celebrate puja away from home. Like previous years, this year we are also celebrating our festivals at Milton Hall, Elsecar, Barnsley. Your participation will add joy, warmth, and vibrance to the festivities.

We would also like to take this opportunity to sincerely thank all our executive committee members, editors, and many other members for their tireless efforts, dedication, and hard work in organising this year's celebration. Without their commitment, such an event would not be possible. Their teamwork and devotion reflect the true spirit of our organisation.

As a part of the festivities, we are delighted to inform you that our Bijaya Sommeloni has been arranged on **Saturday, 11th October**, at **Dewsbury Town Hall**. It is going to be a mesmerising musical evening **(Surer Sandhya),** to be performed by two eminent artists from Kolkata**, Jayati Chakraborty and Srikanta Acharya,** who do not need any introduction. We can't wait to welcome you along with your family and friends to join us for an unforgettable musical evening.

**Let us join hands to connect, celebrate and create memories together!**

**Dr Sanjay Ghoshal**
**General Secretary**

**Dr Manash Debbarman**
**Asstt General Secretary**

# 2025-2026 EVENTS CALENDAR

| |
|---|
| **Saturday 27th September MahaSasthi /শনিবার ১০ আশ্বিন, ১৪৩২ মহাষষ্ঠী**<br>**Sasthi / ষষ্ঠী:** 18:45 / ১৮:৪৫ ঘটিকায়: Arati & Anjali |
| **Sunday 28th September *MahaSaptami* / রবিবার ১১ আশ্বিন, ১৪৩২ মহাসপ্তমী**<br>Morning (দুপুর) 12:30 / ১২:৩০ ঘটিকায় - Arati & Anjali<br>Evening (সন্ধ্যা): 18:45 / ১৮:৪৫ ঘটিকায় - Arati & Anjali |
| **Monday 29th September *MahaAshtami* / সোমবার ১২ আশ্বিন, ১৪৩২মহাষ্টমী**<br>Morning (দুপুর) 12:30 / ১২:৩০ ঘটিকায় - Arati & Anjali<br>Afternoon (বিকেল): 17:30 / ৫:৩০ ঘটিকায় - Sandhi Pujo (সন্ধি পুজো)<br>Evening (সন্ধ্যা): 19:15 / ১৯:১৫ ঘটিকায় - Arati & Anjali |
| **Tuesday 30th September'25 *MahaNabami* / মঙ্গলবার ১৩ আশ্বিন, ১৪৩২ মহানবমী**<br>Morning (দুপুর) 12:30 / ১২:৩০ ঘটিকায় - Arati & Anjali<br>Afternoon (দুপুর): 15:30 / ৩:৩০ ঘটিকায় - Houm (হোম)<br>Evening (সন্ধ্যা): 19:15 / ১৯:১৫ ঘটিকায় - Arati & Anjali |
| **Wednesday 1st October'25 *BijoyaDashami* / বুধবার ১৪ আশ্বিন, ১৪৩২ বিজয়া দশমী**<br>Morning (দুপুর) 12:00 /১২:০০ - Sindoor Khela (সিঁদুর খেলা) |
| **Monday 6th October 2025 *KojagoriLakshmi* / সোমবার ১৯ আশ্বিন, ১৪৩২ কোজাগরী লক্ষ্মী পুজো**<br>Evening (সন্ধ্যা): 19:00 / ৭:০০ ঘটিকায় - Arati & Anjali |
| **Saturday 11th October'25 *Surer Sandhya Cultural Function* - 17:00**<br>**শনিবার ২৪ আশ্বিন, ১৪৩২ সুরের সন্ধ্যা সাংস্কৃতিক অনুষ্ঠান - ১৭:০০** |
| **Monday 20th October'25 *Kali Pujo* /সোমবার ২ কার্ত্তিক ১৪৩২ শ্যামা পুজো**<br>Evening (সন্ধ্যা): 19:00 / ৭:০০ ঘটিকায় - Arati & Anjali |
| **Sunday 25th January'26 Saraswati Pujo,**<br>**রবিবার ১১ মাঘ ১৪৩২ সরস্বতী পুজো** |
| **Saturday 18h April'26 NaboBorsho**<br>**শনিবার ৪ বৈশাখ ১৪৩৩ নববর্ষ** |
| **Sunday 10th May'26 Annual General Meeting**<br>**রবিবার ২৭ বৈশাখ ১৪৩৩ বার্ষিক সাধারণ সভা** |

# EDITORS' DESK



In this ever-changing landscape called life, the only constant is change. This is perhaps the most clichéd saying in English. Perhaps because its hundred percent true. Life is all about us changing, evolving and moving forward. We constantly shed our old habits, like old skin, and change. Some changes are good and positive while some might not be so. But we never stand still. With every step we take we are playing out a part in the greater evolution of our race. Ultimately, it's how we see this complex journey. It's a choice; to either embrace life with all its up and downs and revel in the twists and turns of the path or to succumb to the dips and the low points.

Its time again for another change as our editorial team curates the last Kashphool under our tenure and we get ready to handover the baton. What an amazingly enriching journey this has been. Witnessing the creativity within our community and beyond; finding talents hitherto unknown and discovering gems...this, perhaps has been my most rewarding endeavour. Thank you for trusting us with your works and for giving us the freedom to bring our own creativity to this *puja barshiki.*

May this season of festivals bring you joy, light, courage, kindness, clarity and positivity. May you worship Ma with abundance and revel in her blessings.

|| *Ya Devi sarva-bhuteshu Matri rupena samstitha;*
*Namastasye namastasye namastasye namo namaha* ||

**Rituparna**



**গত** বছর ভীষণ একটা টানা পোড়েনের মধ্যে দিয়ে এই সময়টা গেছে। কিছু বছর পর আর মনে থাকবে না, ঠিক কত বছর আগের ঘটনা ছিল এগুলো! মানুষ বরাবরই স্বার্থপর বা এটা বেঁচে থাকার কৌশল - হয়তো কিছু বছর আগেও চক্ষুলজ্জা বলে একটা আপাত দ্বিধা ছিল, এখন আর সেই পর্দাটুকুও রাখার প্রয়োজন বোধ হয় না।
প্রতিরোধ্য অপ্রতিরোধ্য কিছু ঘটনা ও দুর্ঘটনার মধ্যে দিয়ে একটা বছর আমরা পার করে আসলাম। বছরের ঠিক এই সময়টাতে এসে আমরা পুরোপুরি বাঙালি হয়ে উঠি, আর সমস্তটা ভুলে পুরো বছরের লড়াই করার রসদ জোগাড় করে নি। সেটা পুজোর দিনগুলোতে প্রচন্ড ব্যস্ত একটা সময় কাটিয়ে হোক বা অলসভাবে পূজাবার্ষিকীগুলো পড়েই হোক!

এই বছর সকলের কাছ থেকে আশাতীত সাড়া পেয়েছি আমাদের প্রিয় পত্রিকার জন্য। আমরা যেমন অভিভূত তেমনি ভীষণ ভাবে কৃতজ্ঞ, তোমাদের সময় আর মননের জন্য! এই বছর যারা অংশী হলে না বা হতে পারলে না, আশা রাখবো আসছে বছরগুলোতে অবশ্যই কাশফুলকে বঞ্চিত করবে না নিজেদেরকে সুচারু ভাবে তুলে ধরতে। ব্যস্ত দায়িত্বে ভরা দিনগুলোর মধ্যে একটু নিজের জন্য সময় বের করা - এইটুকুই আবদার।

পুজোর দিনগুলো ভীষণ ভালো কাটুক, আনন্দে - শান্তিতে কাটুক আর সাথে থাকুক কাশফুল অন্যান্য বছরগুলোর মতন।

আনন্দম।
**শিঞ্জিনী**

*Editors' note: This endeavour would have been incomplete without the generous and heartfelt contribution of many talented individuals. One such extremely talented individual, Tirtrhankar Chakraborty, produce the stunning cover page for our magazine. Thank you, Tirthankar for this beautiful art piece.*

# MEET THE COMMITTEE



**Prabal Datta**
Chairman



**Sugato Sarkar**
Vice Chairman



**Sanjay Ghoshal**
Secretarv



**Manash Debbarman**
Vice Secretary



**Samujjwal Basu**
Treasurer



**Sharmistha Bal**
Asst. Treasurer



**Subir Sen**
Cultural Secretary



**Manjusree Mukhopadhyay**
Asst. Cultural Secretary



**Barnali Chakraborty**
Communication Secretary



**Pradip Chongder**
Asst. Communication Secretary

# ADVISORY COMMITTEE



Dr Chandan Biswas



Dr Satyendu Mitra



Mrs Dipali Dutta



# SDDCC PUROHITS 1989 – 2025: THE TORCH PASSES ON



Dr Hirak Haldar




Mr Mrityunjoy Roy



Mr Amit Bhaduri



Dr Panchajanya Ghatak



Dr Amit Banerjee



Dr Dibyendu Bandyopadhyay

# SDDCC AGM minutes 2025

## Sheffield & District Durgotsab & Cultural Committee (SDDCC)

**Venue: Milton Hall, Elsecar S74 8EZ Date: 11th May 2025, 1pm to 5:30pm**

In attendance:

1. Rohit Avrol (RA)
2. Gautam Bal (GB)
3. Sarmistha Bal (SB)
4. Dibyendu Banerjee (DB)
5. Aditi Banerjee (AdB)
6. Nilanjan Basu
7. Samujjwal Basu (SamB)
8. Sinjini Basu
9. Milly Basu (MB)
10. Monotosh Bhadra (MonB)
11. Shipra Bhadra
12. Chandan Biswas (CB)
13. Sheela Biswas
14. Abhijit Chakraborty
15. Barnali Chakraborty (BC)
16. Pradip Chongder (PC)
17. Abhay Das (AD)
18. Lopa Das (LD)
19. Prabal K Datta (PKD)
20. Moushumi Datta
21. Soumitra Dutta **(New member)**
22. Binita Dutta **(New member)**
23. Manas Debbarma (MDB)
24. Anindita Biswas
25. Subhasish Duttagupta
26. Panchajanya Ghatak (PG)
27. Baishali Ghatak
28. Sanjay Ghoshal (SG)
29. Indrila Ghoshal
30. Kaushik Lahiri **(New member)**
31. Anil Mandal (AM)
32. Sumitra Mandal
33. Satyendu Mitra
34. Shibopriyo Mukherjee (SM)
35. Manjusree Mukherjee (MM)
36. Victor Palit (VP)
37. Susmita Palit
38. Kiran Pindiprolu **(New member)**
39. Rituparna Prasar (RP)
40. Piyush Prashar
41. Arup Rana
42. Rama Rana
43. Kaustabh Raychaudhuri (KR)
44. Sandip Samanta (SS)
45. Sudipta Samanta (SdS)
46. Sugato Sarkar
47. Subir Sen (SubS)
48. Sangeeta Ray (SR)
49. Rupak K Sarkar (RS)
50. Kamal Samanta
51. Renuka Samanta
52. Anshuman Sengupta
53. Surabhi Sengupta

Apologies:

1. Sangeeta Banerjee
2. Nabakumar Basu
3. Rakhi Basu
4. Bivas Biswas
5. Shyamal Chatterjee
6. Dipali Dutta
7. Sudipta Ghosh
8. Manas Mallick
9. Sujit Mukherjee
10. Tapati Mukherjee

# Executive Summary of AGM 2025 at a glance

| Agenda Points | Discussion | Responsibility |
|---|---|---|
| 1. **Election process nominations** | 6 weeks before AGM. Initial suggestions to come from EC, Other members can nominate as long as someone seconds | EC at the first EC meeting to come up with actual process |
| 2. **Registration as a unincorporated charitable association (UCA)** | Debate about legality to form UCA based on net income of £5000 vs. does it have to be done even if the income is above £5000. Membership subscription fee should not be counted as part of the income | EC to make enquiries with specialist law firms / Financial firms if it is a must or optional and simply write to HMRC about our income to avoid future penalties |
| 3. **Membership fees** | Payment by instalment was not accepted.<br>Membership fees to remain same at £125 per year and paid by the end of puja | Treasurers to action |
| 4. **Food coupons** | i. Debate if members children are married and the spouse must pay for the food coupons. It was accepted that if children pay separately then their spouse automatically gets food coupons but if they don't pay then the spouse must pay for the food coupons. | Treasurers to action |
| **5. Puja dates:** | Durga Puja: Sasthi Sat 27th Sep – Dashami Wed 1st Oct<br>Lakhsmi Pujo: Mon 6th Oct<br>Kali Pujo: Mon 20th Oct<br>Saraswati Puja: 23rd / 24th Jan (TBA) | EC to action |
| 5. **Cultural Programme** | Noboborsho: Sat 18th April | EC to action |
| 6. **AGM** | Sun 10th May | EC to action |
| 7. **External artist performance** | 2 proposals put forward: one for combined program of Srikanta Acharya & Jayati Chakroborty on the 11th oct and the other for Lagnajita Chakraborty on the 12th of Oct. The former programme was voted to be taken forward and SDDCC to support shortfall of up to £2000. | |

# SDDCC MEMBERS

| | |
|---|---|
| Mr Rohit Abrol & Mrs Aneka Rimi Abrol Biswas | Dr Soumitra & Mrs Binita Dutta |
| Dr Ranadeb & Mrs Susmita Acharya | Dr Subhasis & Mrs Sutapa Duttagupta |
| Dr Arindom & Mrs Debjani Aich | Dr Panchajanya & Mrs Baishali Ghatak |
| Dr Gautam & Mrs Sharmistha Bal | Dr Adwaita & Mrs Sudipta Ghosh |
| Mr Samvarta & Mrs Runa Bandyopadhyay | Dr Sanjay & Mrs Indrila Ghoshal |
| Dr Shyamal & Mrs Pali Bandyopadhyay | Dr Prosenjit & Dr Anuradha Giri |
| Dr Amit & Mrs Sangita Banerjee | Dr Buddhadeb Jana & Mrs Sanchita Paul Jana |
| Dr. Dibyendu & Mrs Aditi Banerjee | Mr Arnab Kundu & Mrs Amrita Pradhan |
| Mrs Karabi Banerjee | Dr Kaushik & Mrs Munmun Lahiri |
| Dr Nabakumar & Dr Rakhi Basu | Dr Biswajit Majumder |
| Dr Nilanjan & Mrs.Julia Basu | Dr Manas & Mrs Sheila Mallik |
| Mr Samujjwal & Mrs Sinjini Basu | Dr Anil Kumar & Mrs Sumitra Mandal |
| Dr Sanjay & Mrs Mohua Basu | Mr Suvendu & Mrs Sheuli Mandal |
| Dr Soumya Shankar & Mrs Rajasee Basu | Dr Rajeev Mishra & Mrs Pallavi Mishra |
| Dr Subhajit & Mrs Milly Basu | Dr Satyendu & Mrs Rina Mitra |
| Dr Monotosh & Dr Sipra Bhadra | Dr Shibopriyo & Dr Manjusree Mukherjee |
| Mr Atul Bhaskar & Dr Ipsita Roy | Mr Sujit & Dr Tapati Mukherjee |
| Dr Debopriyo Bhattacharya & Dr Vrinda Dutt | Dr Victor Palit & Dr Susmita Ray |
| Dr Suman & Mrs Aditi Bhattacharya | Dr Kiran & Dr Rama Pindiprolu |
| Dr Bivas & Mrs Mitali Biswas | Mrs Esita Pramanik |
| Dr Chandan Biswas & Dr Sheela Biswas | Dr Piyush & Mrs Rituparna Prashar |
| Dr Abhijit & Mrs Barnali Chakraborty | Dr Arup & Mrs Rama Rana |
| Dr Mallikca Chakraborty | Dr Nishant Ranjan & Dr Lopa Mitra |
| Mr Kamal K & Mrs Swapna Chakrobartti | Dr Jaydip Ray & Dr Karabi Ray |
| Dr Shyamal & Mrs Sunanda Chatterjee | Dr Kaustabh Raychaudhuri |
| Dr Chinmoy & Mrs Kabita Chaudhuri | Mr Somnath Saha |
| Mr Tirthankar Chakraborty & Mrs Ishita Chatterjee | Dr Kamal & Dr Renuka Samanta |
| Mr Pradip & Mrs Swati Chongder | Mr Sandip & Mrs Sudipta Samanta |
| Dr Abhay & Dr Lopa Das | Dr Rupak Kumar & Dr Ranjana Sarkar |
| Dr Rajarshi & Mrs Sudipa Das | Dr Sugato Sarkar |
| Mr Rohit Das & Mrs Souradipa Biswas | Mr Susovan Sarkar & Mrs Neepa Bandopadhyay |
| Dr Manas Debbarman & Mrs Anindita Biswas | Mr Subir Sen & Dr Sangeeta Ray |
| Dr Vinayak Kumar & Dr Piya Dhar | Mr Angshuman & Mrs Surovi Sengupta |
| Mrs Dipali Dutta | Dr Sabyasachi Chatterjee & Dr Shobha Somashekhar |
| Dr Prabal & Mrs Mousumi Datta | |



*pc Google*

# YOUTH CORNER

# SOLAR SYSTEMS

## Ahaana Lily Mukherjee Patel




# RAINBOWS

## Aarushi Diyani Mukherjee Patel



## Assemblage

### Simaya Ruby Biswas Abrol




## Bloom

### Norah Sengupta



# Poem

## Amara Biswas Abrol

**Written at school as part of the young writers' competition 2025. Her poem was chosen to be published in a book called Monster Acrostics, a collection of fiendish poems.**






YoungWriters

### Running

R oaring slowly, loudly at night,
U gly and smelly body,
N ice and fluffy tail,
N aughty and creepy,
I t is sleepy every day,
N asty and hairy,
G iggling and moaning.

Amara Biswas-Abrol (6)
The Gleddings Preparatory School, Halifax

# My Love for Seashells

**Abira Ghosh**



I love going to the seaside and walking along the shore, searching for shells. Each one feels like a little treasure left behind by the sea. I pick them up, turn them in my hands, and hold them to my ear to hear that rumble of the sea – as if it lives inside the shell.

I am amazed by the beauty, colour and spectacular shape of each shell I pick – the swirls, patterns, some smooth and others textured; each designed by nature and the sea that helped create it. I wonder about the tiny creatures that once lived in them – where are they now?

I spend hours by the seaside in my happy space, collecting more and more shells - each better than the one before it. Collecting shells make me feel happy; they are my precious treasures that remind me of the seaside long after I have returned home.



# Starry Night

**Reyansh Prashar**





# “It’s a Bug’s Life” – A Volkswagen Beetle Story

**Ritika Sarkar**



**V**olkswagen - The people’s car.

The Volkswagen Beetle has charmed the world for nearly a century. Beloved for its unique design, simple engineering, and friendly personality, it has found a place in countless homes - including mine. In our family, four generations have shared their lives with this little car, each creating their own set of memories.

This is the story of our family’s journey with the Beetle.

It all began in early 1974. My grandfather, Dr. Dipak Kumar Sarkar, was searching for a second family car in Middlesbrough, England. During a visit to a local dealership, a white 1972 Volkswagen Beetle caught his eye. A few days later, this little 1200cc air-cooled Beetle became part of our family.



*(From left to right: Dr Gour Krishna Sircar, Mrs Pushpa Bala Sircar, Dr Dipak Kumar Sarkar)*

It was in this car that my grandfather drove my father (Dr Rupak Kumar Sarkar) and his friend Michael to their school, Nunthorpe Primary, each morning before heading to work at Middlesbrough General Hospital. The Beetle carried them on countless trips, and in 1975, it even made a memorable journey to London with my great grandparents - a highlight in my father’s young life.

In 1978, the Beetle was sold to a family friend, and soon after, our family moved back to India. But the little car's presence had already left a lasting impression.



(*Rupak Kumar Sarkar, Dr Rupali Sarkar (my grandmother) and the VW Beetle*)

The Volkswagen Beetle is more than just a car, designed by Ferdinand Porsche in the late 1930s, it became one of the most successful cars in history, with over 21 million cars produced. Its rounded shape and cheerful charm made it instantly recognizable. It was the first car manufactured by Volkswagen, which is why it was also known as Type 1.

This German made car was originally called "Kafer" however when the car model became known to the British and Americans it gained its iconic name of "The Beetle" or the bug.

On the big screen, it became a star thanks to Disney's *Herbie* series and its sequels. The original Beetle's production finally came to an end on July 30, 2003, when the last one rolled off the assembly line in Puebla, Mexico - closing a remarkable 65-year chapter. However, until 2003, it was Volkswagens bestselling car solidifying its place in automotive history.

In 2001, while unpacking after moving to a new country, my father uncovered a small model of a Volkswagen Beetle in storage, the sight of it brought back vivid childhood memories. From that moment, he dreamed of owning one someday.

Fast forward twenty-four years, in April 2025, my father finally made that dream a reality. He purchased a 1998 Mexican Beetle, one of the last of the original design, 1600i cc air-cooled and still in remarkably good condition.

After a few small repairs, the car was restored to near-original glory. Once again, the familiar hum of a Beetle's engine fills our days, and our family has begun making new memories.

The car is now proudly taking part in Classic car shows. Recently, it took a trip from Sheffield to Rotherham to take part in a V-Dub Odyssey Classic car show.



*(Left to right - Dr Dipak and Rupak Kumar Sarkar)*




*(Ritika Sarkar, Dr Dipak Kumar Sarkar, Dr Rupak and Ranjana Sarkar)*



# The Moon’s Pull: How Gravity Creates Ocean Tides

**Anonymous**

**H**ave you ever walked along a beach, and returned hours later to find that the shoreline is in a completely different place than where you left it? Then you have seen the power of the tides, but what actually causes the sea to rise and fall every day? The surprising answer: the Moon is tugging on the Earth, and you, with gravity.

What is Gravity Doing?

Gravity is the force of attraction between any objects that have mass. You feel Earth’s gravity keeping you on the ground, but gravity also acts between the Earth and the Moon. Although, the Moon is much smaller, it is close enough to pull on the Earth with significant force, especially the oceans.

The side of the Earth that is closest to the Moon feels a stronger gravitational pull. This pulls the water towards the moon, causing a bulge in the oceans - this is what we call a high tide. At the same time, the far side of the Earth also experiences a high tide, but for a different reason: the Moon pulls more strongly on the Earth than on the water on the far side. As a result, the Earth is slightly pulled away from that water, leaving a second bulge.

So, we end up with two tidal bulges on the opposite side of the Earth, one facing the Moon and one directly opposite it.

Why Do We have Two High Tides a Day?

Due to the Earth’s rotation, different parts of the planet move through these bulges during a 24-hour day. That is why most coastal areas experience two high tides and two low tides a day, as they rotate into and out of bulges.

You might expect the timing to be exactly the same every day, but that isn’t the case. The Moon is orbiting the Earth at the same time, so each tidal cycle is just over 12 hours apart. That’s why tide times shift slightly each day.

The Sun’s role in tides : The Moon isn’t the only object affecting tides – the Sun plays a part too. When the Sun, Moon, and Earth line up (during a new moon or full moon), their combined gravitational pull creates spring tides, which are higher and lower than normal high and low tides. When the Moon and Sun are

perpendicular to each other (during the first and third quarters of the Moon), their forces partially cancel each other out. This causes neap tides, which are less dramatic than spring tides. While the Moon is the main driver of tides, the Sun helps shape how extreme they are.

Conclusion :

Tides might seem simple, just water going in and out, but they are a clear example of how cosmic forces affect our daily lives. They influence marine life, shipping, and even power generation in some areas. And it is all due to gravity, a silent, invisible force pulling the oceans into motion.

# Buddha

**Arush Sarkar**



# Canvas Life

**Saranya Basu**





# Poems

## Srija Bhattacharya

| SCHOOL | HOME |
|---|---|
| School is a happy place<br>School makes your sadness vanish from every trace.<br>Our uniform is grey and red<br>The sound of school makes me jump out of my bed. | I love my home very much<br>So many things to taste and touch. |
| School is a place to learn and play and have fun every day.<br>It's lunchtime so let's eat our food | My family members are dad, mum and sister<br>They help me even if I get pricked by a tiny blister. |
| So that we are energized and back in a wonderful mood.<br>Reading books is good for us<br>So come on and read, don't make a fuss<br>Now it's home time<br>So, let's say goodbye to teachers and friends.<br>So that the school day can end. | My mum makes delicious dishes<br>That always fulfils my confectionery wishes.<br><br>I love playing in my garden<br>Feeding the birds breads before they harden.<br><br>All day I enjoy myself,<br>At night I dream about my toys on the shelf. |

# A day in Portmeirion

## Somrik Ghoshal

**O**n 16th August, Saturday, we all headed to Portmeirion, North Wales. When I asked Mom, what should we see there? With excitement, she softly replied, Portmeirion is a unique Italian-style village.



Hearing that, I could not help but wonder, how does North Wales have an Italian-style village? Mom googled and shared, because it was the dream project of Sir Clow Williams Ellis. He was inspired by Mediterranean village Portofino, Italy. He then reimagined that style and architecture in Welsh landscape. After a long scenic drive, we reached our destination. With amazement, I saw pastel-coloured houses, domes, towers, and piazzas. The place echoed with children's laughter, as they splashed in the paddling pool and ran across the giant chessboard. I was not allowed to play in the paddling pool, as I did not have any wet clothes, and that did not make me very happy. But then Dad bought me a massive ice cream. I was happy again. We took a relaxing stroll through the woodlands and along the seaside village. The whole day felt like stepping into a magical dreamy village, vibrant, colourful, and full of charm.

# Photography

Indrila Ghoshal











*pc Sinjini Basu*

# POTPOURRI – A COLLECTION

# শান্তাদি চলে গেলেন

## ডাঃ পাঞ্চজন্য ঘটক

**ব**ছর কুড়ি আগের কথা। গুরিন্দার চাড্ডার একটি ছবি দেখতে গেছিলাম আমাদের লিঙ্কন Odeon এ। ছবি দেখে বেরিয়ে আসছিলাম। দেখি দুজন দেশীয় দম্পত্তি। চেহারায় প্রৌঢ়ত্বের ও আভিজাত্যের মেশামেশি। আমাদের দিকে তাকিয়ে মিটিমাটি হাসছেন। আরেকটু কাছে যাওয়ার পরে জিজ্ঞেস করলেন -- আপনারা বাঙালি? আলাপ জমে উঠতে সময় লাগলো না। জানলাম আমরা এক এলাকাতেই থাকি।

পরের দিনই ওঁদের বাড়ি যেতে বললেন চা খেতে। শান্তাদি আর প্রদীপদার বিরাট বাগান ঘেরা বাড়ি। সুন্দর সাজানো ড্রয়িং রুম। বসার সঙ্গে সঙ্গে বললেন; যাক এতদিনে Bracebridge Heath এ আরেক ঘর বাঙালি এলো। লিঙ্কনে আমাদের এলাকার নাম Bracebridge Heath।

প্রদীপদা লিঙ্কন কাউন্টি হাসপাতালের সিনিয়র কনসালট্যান্ট ইউরোসার্জারিতে। শান্তাদি নানা রকম সামাজিক কাজের সঙ্গে জড়িত। ব্রিটেনের বাঙালি সমাজের পরিচিত নাম। বললেন কিছুদিন আগে ক্যান্সার ডায়াগনসিস হয়েছে। ট্রিটমেন্ট শুরু হবে। মনটা খারাপ হয়ে গেল। শান্তাদির ভেতর কোনো দুশ্চিন্তার চাপ দেখলাম না। ট্রিটমেন্ট শুরু হলো। শান্তাদি ক্যান্সারের প্রথম ধাক্কা সামলে উঠলেন। জীবনের গতি আবার টপ গিয়ারে।



আমাদের একটা নাটকের দল ছিল -- পারাবার। বছরে একবার একটি নাটক করতাম বেশ বড়ো করে। মধ্য ও উত্তর ইংল্যান্ডের বাঙালিরা ড্রাইভ করে, কোচ ভাড়া করে নাটক দেখতে আসতেন। রাতে সবার জন্য খাবার ব্যবস্থা থাকতো। সবাই মিলে জমিয়ে মাংস-ভাত খেয়ে বাড়ি ফিরতেন। বিলেতে বাঙালিদের সাংস্কৃতিক মানচিত্র অনেকটা বদলেছে। এই নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় লিখেছি।

অভিনয় ছাড়া শান্তাদি মঞ্চ সজ্জা, মেকাপ, কস্টিউম প্রায় এক হাতে সামলাতেন। দুর্গা প্রতিমা বিলেতে প্রতিবার পাল্টানো যায় না। প্রতিমার রং ফেরানোর শক্ত কাজটি শান্তাদি করতেন।

আরেকটি পরিচয় ছিল শান্তাদির। ষাটের দশকে ভারতের প্রতিনিধিত্ব করেছেন রাইফেল শুটিংয়ে। যোগ দেন পশ্চিম জার্মানিতে শুটিং ওয়ার্ল্ড কাপে। জিতেছেন নানা জাতীয় খেতাব। মাঝে মাঝে বলতেন সেসব গল্প। শুটিংয়ের অভ্যাস রেখেছিলেন -- লিঙ্কন শুটিং ক্লাবে নিয়মিত শুটিং প্র্যাক্টিস করতেন। ২০২১ সালে UKBCর (ইউনাইটেড কিংডম বাঙ্গালী এসোসিয়েশন) তরফ থেকে শান্তাদিকে ইউকের সেরা বাঙালির সম্মান দেওয়া হয়। সেদিন অনেক কথা বলেছিলেন। দেখিয়েছিলেন মেডেলের রাশি। পুরোনো কাগজের কাটিং। স্থানীয় টিভি চ্যানেল থেকে ইন্টারভিউ নেওয়া হয়।

এর ভেতর আবার ক্যান্সারের ছোবল। বেশ কয়েক বছর লড়াই করতে করতে গতকাল দুপুরে হারতে হলো রোগটির কাছে। দেহদান করে গেছিলেন NHS কে। বহু মানুষের ভেতর থেকে গেলেন শান্তাদি। শরীরও রয়ে গেল সমাজের কাজে। আসলে শান্তাদি চলে গেলেন না, রয়ে গেলেন.....






GIRLS TO THE FORE


চারজনের স্যুটিং দলে বাংলার তিনজন


Three National Records Bettered

# Narayan Sarovar: A Jewel of Kutch District

**Dr Chandan Biswas**



In February 2025 with a group of friends we visited Indian state of Gujarat for a fortnight.

Among the many places we visited, one that truly captivated me was Narayan Sarovar in the Kutch District. I was amazed by its serene beauty and spiritual atmosphere after visiting the Sarovar, delved into its mythological significance and learnt that it is considered one of the five sacred lakes (Panch-Sarovar) in Hinduism. The others are listed below.



**Pushkar Sarovar** - (Rajasthan)- located in the holy town of Pushkar, this lake is associated with Lord Brahma.

**Bindu Sarovar**- (Gujarat)- It is situated in Siddhpur and it is the place where sage Kardhama, son of creator god Brahma did severe penance for 10,000 divine years and eventually had darsan of Lord Vishnu.

**Pampa Sarovar** - (Karnataka)- It is located near Hampi. It is regarded as the place where Pampa, a form of Shiva's consort Parvati performed penance to show her devotion to Shiva.

**Manas Sarovar** - (Tibet) – It is located at the foot of Mount Kailash. It is believed to cleanse sins and grant spiritual liberation. This lake is one of the highest in the world, sitting at an altitude of about 15,060 feet.

On the edge of Gujarat's arid Kutch district, where the salt flats stretch like bleached bones under the sun, lies a lake known more to faith than to fame – Narayan Sarobor.

Narayan Sarovar is believed to have been created by Lord Vishnu himself, according to local legends. It is named after the presiding deity, Narayan, a form of Lord Vishnu.

**Mythological Origins of Narayan Sarovar**



Its origins are often tied to the divine presence of Lord Vishnu, the preserver and protector of the universe. The lake's name, Narayan Sarovar, literally translates to "The Lake of Narayan" referring to Lord Vishnu, who is often depicted as reclining on the cosmic ocean.

The legend goes that long ago, during the age of Dvapara Yuga (the second age in Hindu cosmology), there was a great war between the gods (Devas) and demons (Asuras). During this time, the Devas sought the aid of Lord Vishnu to protect them from the Asuras. Vishnu, in his infinite wisdom, created the lake as a place of divine sanctity, a center of spiritual energy, and a repository of cosmic waters that could purify the world.

It is said that the waters of Narayan Sarovar are filled with the blessing of Lord Vishnu. These waters are considered purifying, capable of cleansing sins and offering spiritual salvation to those who take a dip. Pilgrims believe that by bathing in the lake's sacred waters, they can absolve themselves of their wrong doings and secure blessings for prosperity, peace, and protection. It is believed that great sages and rishis performed meditation and penance along the shores of the lake, seeking the grace of the gods. Some also say that the lake is connected to the Tirtha (holy places of pilgrimage) in Hindu belief, which are places that facilitate the spiritual journey of devotees and lead them toward liberation or moksha.



***Religious Importance of Narayan Sarovar***

Its religious significance transcends simple worship and is deeply tied to the cycle of life, death and rebirth –key tenets of Hindu philosophy.

The lake is situated near temples that are dedicated to Lord Vishnu, making it essential part of the religious landscape. Pilgrims travel to Narayan Sarovar to perform rituals, take holy dips and offer prayers to the deity in hopes of receiving divine protection and blessings. The lake is often considered a shakti peeth – a site where the divine energy is believed to be especially potent. The act of bathing in its waters is viewed as a form of purification – washing away accumulated karma and achieving spiritual renewal. During festivals such as Kartika Purnima, the lake draws thousands of worshippers who come to witness its sacred rituals and to offer prayers for the well- being of their families.

As with the holy rivers Ganga, Yamuna and Saraswati, Narayan Sarovar is thought to connect the material world with the heavens, offering a bridge for souls seeking divine intervention or guidance.

***Concluding Reflection: The Eternal Spirit Of Narayan Sarovar***

Narayan Sarovar is not just a religious site – It is a symbol of continuity of the eternal dance between the divine and the mortal, the sacred and the profane. Its mythological origins linked to the god Vishnu, speak to the idea of preservation, balance and the ongoing cycle of creation.

The purity and sanctity associated with Narayan Sarovar transcend its geographical location. The lake becomes, in a way, a mirror of the soul. Just as the waters of the lake are thought to be cleanse and renew, so too does the act of pilgrimage and ritual offer the possibility of spiritual renewal for the devotee. The lake serves as a powerful metaphor for the journey of life – one where each dip, each prayer, each act of devotion is a step towards enlightenment and liberation.

In the end, the myth of Narayan Sarovar is not just one of divine creation but a call to remember to renew and to reflect. The lake does not just cleanse the body – it nurtures the soul, a living testament to the eternal ever- flowing nature of spirituality.

# বালুচরী

## ডাঃ সুগত সরকার

**আঁ**চলে বাঁধা দিদিমার শখের সুপুরি,
আঁচলেই আঁটা বিধবার দিন মজুরি।
আঁচলে সজ্জিত ঠাকুরণের রাজত্বর গোছা,
আঁচলেই ডেইলি প্যাসেঞ্জারির শ্রম মোছা।
আঁচলেতেই পুচকের নাসিকা ঝরা স্নেহ,
আঁচলেই তোলা তেল হলুদের তাড়াহুড়ো।

আঁচল সরলে নাকি কবিতার ঝড় ওঠে,
আঁচলই আবার প্রিয়জনকে আগলে রাখে।
আঁচলে গাঁট দিয়াই নতুন মানুষটারে বাঁধা,
আঁচলে মুখ চেপেই মায়ের সুখ দুঃখে কাঁদা।
আঁচল তলায় থাকলে যে বর ল্যাজ বিশিষ্ট,
আঁচল মাথায় শ্রদ্ধা হয় আবার হয় দায়িত্ব।

আঁচলই আবরুর কবচ শক্ত হাতে টেনে,
আঁচল কোমরে গুজলেই তেলে বেগুনে।
ঐশ্বর্যর আঁচলের আগুন হাসির খোরাক,
মমতার সাদামাটা আঁচলে আগুনি দেমাক।
আঁচল ছাড়া জেনো অচল ওই বালুচরী,
আঁচল পাতিলে কেহ ফিরায়ো না তারি।



pc AI

# In Search of Rumi and Whirling Dervishes

**Dr Tapati Mukherjee**

"**Y**our task is not to seek for love but merely to seek and find all the barriers within yourself that you have built against it"

These were the first words of Rumi that stirred me to the depth of my core, and I began my journey as a young woman to get to know him through his poetry.



Konya, a town in Anatolian region of Turkey, has been a Sufi pilgrimage site for nearly 750 years for both Muslims and non-Muslims. Regarded by many as the world's greatest mystic Sufi poet, philosopher and Islamic theologian, Jalaluddin Rumi (also known as Mevlana) lived here in the 13th century. He was a Persian who built up a large following in the cosmopolitan Konya and in central Asia incorporating Sufis, Muslim Literalists and theologians, Christians, Jews and Sunni Sejluk rulers. After his death his followers set up the Mevlevi Order, which is a living tradition based on the teachings of Rumi.



The Mevlevis are also known as the "whirling Dervishes" due to their famous practice of whirling as a form of remembrance of God (dhikir) to purify the heart. "Dervish" is a common term for an initiate of the Sufi path and "Sema" is the actual whirling ceremony.

Sema is traditionally practiced in a Semahane or ritual hall according to prescribed symbolic ritual.

Rumi is the most celebrated poet in Turkey and second only to Hafiz in Persia.



His deeply spiritual poetry and songs of love, yearning, separation and loss had universal appeal then and are still popular now. His love poems are renowned for their passionate expression of divine love, often blending human and spiritual yearning. They explore themes of longing, surrender, and the transformative power of love, frequently using metaphors of intoxication, union and dissolution of self. Written in Persian, his most acclaimed work is "Masnavi". Rumi's poetry forms the basis of much classical Iranian and Afghan songs.

We visited Konya in 2013. I had been familiar with Rumi's poetry for sometime by then and found these thought provoking, deeply moving and quite uplifting. In Konya we visited the Mevlana Museum complex. It's beautiful, fluted dome with turquoise tiles was visible from a distance. Inside were the tombs of Rumi (Mevlana), his spiritual mentor Shabs-i-Tabriz and his son Sultan Waled. The Museum exhibited some personal possessions of the Mevlana and his son, ceremonial robes and a range of stringed musical instruments that were played during Sema. The complex had living quarters for the practising Mevlevis.

In the evening, we were allowed to watch a Sema ceremony in a very old large caravanserai, close to Konya. We watched in silent awe as the Dervishes whirled round in the semi dark inner chamber, slowly at first and then faster and faster looking like ethereal figures, with the soft sounds of the Dilruba and a muffled voice singing from Sufi texts. It was a spiritual sojourn for all of us.



*"We are as the flute, and the music in us is from thee;*

*We are as the mountain and the echo in us is from thee.*

*We all are lions, but lions on a banner; because of the wind they are rushing onward from moment to moment. Their onward rush is visible, and the wind is unseen: May that which is unseen not fail from us. (Masnavi Book 1, 599-607)"*

# আগমনি

**চন্দ্রা বসু**

**আজ** আগমনির আবাহনে, কি সুর উঠেছে
বেজে।
শরতের পরশ লেগে মন বসে না কাজে!
শিউলি ফুলের মিষ্টি মধুর গন্ধ আসে
হাওয়ায় ভেসে ভেসে,
মায়ের পুজো দেখতে এলেম আবার বিদেশে!
দেবীর কাছে প্রার্থনা মোর হিত সাধন করা
ইচ্ছাটি মোর থাকুক মনে সদাই রোষে ভরা।
হাসবো আমি, ঘুরবো আমি, থাকবো সবার মাঝে
আজীবন যেন থাকি সদাই রত কাজে।



***Art by Rekha Panja***

## Photograph By Dr Goutam Bal



*Queen Elizabeth's platinum Jubilee*

# Persevere

**Dr Sujoy Khan**






*Art by Rekha Panja*

# দিলজমিন

## ডাঃ অভিজিৎ চক্রবর্তী

**ন**সিব যখন হেঁকেই দিলো
ভাবের ঘরে শুধুই আড়ি
মুচকি হেসে ফিরেই দেখি
আকাশ জুড়ে থিরবিজুরী।
উদাস চলা থমকে গেল
বাজলো বুকে রিনি রিনি
আগুন, তবে পোড়ায় না সে
আঁচটা যেন ভিনি ভিনি।
কাজল টানা কালো চোখে
শীতের রোদের নরম আলো
ওই কালোতেই ডুবলো না হয়
আমার যত মন্দ ভালো।
দুনিয়াদারি থাকল পড়ে
অবাক চোখে রইনু চেয়ে
স্বপ্ন, নাকি সত্যি যেন
বলছে কিছু আমায় মেয়ে।
তুইও আমার বুক পোড়াবি?
যত্ন করে আগুন দিয়ে
বিষের কামড় আঁকবি আবার
নীল সোহাগে জড়িয়ে নিয়ে...
রোজের খোরাক ছাই মাখা যার
সে আর তোকে কী পোড়াবে
ছেঁড়া শিকড় মাটির টানে
মাটির বুকেই ফিরে যাবে
চাস্ যদি তুই দিলজমিনের
দলিল লিখে করব রাণী
কোলের 'পরে রাখলে মাথা
গান শোনাবো ঘুমপাড়ানি।

# ভৌ

## ডাঃ সুগত সরকার

**প্র**বাসে থাকার পর এখন যখন কল্যাণীতে ফিরি, একটা শব্দ কানে বড় বেশি বাজে - রাতের নিস্তব্ধতায় কুকুরের ঘেউঘেউ। বিছানায় শুলেই শুরু হয় তারস্বরে চেঁচামেচি।

আগে দেশে থাকতে এই আওয়াজ বিশেষ করে শোনা হত না - তখন ক্লান্ত শরীর ঘুমে ঢলে পড়ত অনায়াসে।

কল্যাণী, যদিও বৃহত্তর কলকাতার অন্তর্ভুক্ত, তবু কলকাতার কোলাহল এখানে পৌঁছয় না। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তৎকালীন চাঁদমারির আশেপাশে গড়ে ওঠা এই শহর একসময় ছিল মার্কিন বিমান বাহিনীর ঘাঁটি। তখন একে ডাকা হতো 'রুজভেল্ট টাউন'।

আজকের কল্যাণী সবুজে ঘেরা এক পরিকল্পিত নগর - স্থির, শান্ত, শৃঙ্খলিত।

তবে রাত নামলেই শহরের চেহারা বদলে যায়। অলিগলিতে শুরু হয় কুকুরদের সমবেত সুর - যেন এলাকা দখলের জন্য চলেছে এক ঘরোয়া যুদ্ধ। দলবদ্ধ ডাক, বিচ্ছিন্ন কর্কশতা, আওয়াজের স্তরে স্তরে তৈরি হয় এক অদৃশ্য নাটক।

শুয়ে শুয়ে ভয় ধরে, চোর ঢুকল না তো? তটস্থ হই।

তারপরই ভাবি - না, ওরা নিজেদের মতো করে রাতের শূন্যতায় গল্প করছে।

দিনে, শহরের আওয়াজে ওদের ডাক ঢাকা পড়ে যায়। হেলে-দুলে, একে-অন্যের এলাকায় ঢুকেও দিব্যি সহনশীল আচরণ। আসলে মানব উপস্থিতিতে এক অস্বস্তিকর যুদ্ধবিরতি। প্রাণিবিজ্ঞান এও বলছে, কৃত্রিম আলোর কারণে জীবজন্তুদের circadian rhythm বিঘ্নিত হচ্ছে। তাই রাতেই ওদের রকবাজ আড্ডা।

Google ঘেঁটে জানলাম, কুকুরেরা মানুষের তুলনায় অনেক extended frequency range শুনতে পায়। যা আমাদের কানে আসে না, সেটাও তারা শোনে। তাদের ডাক, সংকেত, পারস্পরিক

প্রতিক্রিয়া - বাস্তবে সবই এক অন্তর্জগতের ছায়া, যতোই আমাদের বিরক্তিকর বা নির্বোধ মনে হোক। তারা তো wolf- এর বংশধর। মানুষের সঙ্গে একসঙ্গে বসবাস করতে শিখলেও, তাদের ভেতরের 'pack member' আজও জাগ্রত।

ছোটবেলায় মামাবাড়িতে একবার একটা নেড়ি কুকুর এসে গিয়েছিল। প্রথমে উচ্ছিষ্ট খেত। গলা মোটা হলো, সকালের রুটির ভাগও বরাদ্দ হলো - নাম রাখা হয়েছিল ‘বাহাদুর’। ধীরে ধীরে নেড়িপনা কাটিয়ে বেশ হৃষ্টপুষ্ট হয়ে ছিল।

কতটা বাহাদুর হয়ে উঠেছিল জানা হয়নি, কিন্তু এমন কত শত গল্প ছড়িয়ে থাকে ছোট শহরের অলিতে গলিতে।

ভারতে এখন প্রায় ৬ কোটির বেশি রাস্তার কুকুর আছে। হিন্দুধর্মে কুকুর পবিত্র - কালভৈরবের বাহন। তবে বাস্তবে ওদের সংখ্যা বাড়ে শহরের উচ্ছিষ্ট, সহানুভূতি আর আমাদের উদাসীনতায়।

ওরা রাতের শহরের এক অলিখিত নাগরিক।

সম্প্রতি মামার ছেলে একদিন রাস্তায় ঢিল খাওয়া একটা stray puppy কে বাড়ি নিয়ে এল।

Domestication-এর প্রক্রিয়ায় কুকুরটা তার স্ট্রিট স্মার্টনেস হারিয়ে বেশ ভীতু হয়ে উঠল। ঘেউঘেউ নয়, কুই কুই করত বেশি। অতিথি এলে লুকিয়ে পড়ত। মামার ছেলের মন নরম, বলে - "ঢিল খেয়ে PTSD হয়েছে।" হয়তো তাই! ভালোবাসা পেলে ভয় বাড়ে। হারানোর আশঙ্কাও তীব্র হয়।

আসলে কি, বয়স হয়েছে। এখন আর সহজে ঘুম আসে না। দিনের কাজ মনকে ব্যস্ত রাখে, ভুলিয়ে রাখে; কিন্তু রাতে, নিস্তব্ধতা চারপাশ ঘিরে ধরে নানা চিন্তায় - জীবনের, শরীরের, সময়ের।

এমন সময়ে এই আওয়াজ কখনো বিরক্তি, কখনো সঙ্গ। ওদের তো WhatsApp নেই, অফুরন্ত স্ক্রলিং নেই। তাই ওরা এখনো মুখোমুখি কথা বলে। ঘেউঘেউ করে গল্প চালায়, একে অপরকে ডাক দেয়।

রিসার্চ বলে, সোশ্যাল মিডিয়ায় সংযুক্ত থাকাও একধরনের "belongingness" বোধ জাগায়। এমনকি প্রায় একই মাত্রার Oxytocin, dopamine ক্ষরণ হয় - প্রেম-ভালোবাসার রাসায়নিক সমানুপাতিক।তবে "প্রায়" একরকম বলেই হয়তো, মন ভরে না। কারণ আমরাও এখনো সেই প্যাক-এর অংশ হতে চাই। চাই নিখাদ সংযোগ।

রাত্রির নিস্তব্ধতায় যে 'ভৌ' এখন শুনি, তা আর আগের মতো নিষ্প্রভ নয়। এখন পিং হলেই জানি - কোথাও কেউ জেগে আছে। Extended frequency শুনছে।

'ডিজিটাল ভৌ'-তে আমিও সাড়া দিই। মুখ তুলে দিই, নীল screen- এর আকাশে। ভৌউ..উ...উ।



pc Sinjini

# শারোদোৎসবে একাকার স্বদেশ-প্রবাস

## নবকুমার বসু

**অ**নেকদিন পরে সত্যি সত্যি শরৎকাল দেখছি এই বিলেতের বাড়ি থেকে। এই দর্শনানন্দটুকু নানান ক্ষতির মধ্যে একটুখানি লাভ। কেন বলুন তো? কেননা এদেশের শরৎ কাল তথা অটমতো এদেশের বাসিন্দা হলেও অনেক বছর দেখা হয়না। মহালয়ার কত আগেই 'ত প্রতি বছর বাড়ি মানে দেশে অর্থাৎ কলকাতায় চলে যাই। আর দেশে শরৎ কাল? যদি সত্যি কথা বলি, গরমে ভাজা ভাজা হওয়া গুমোট গ্রীষ্ম কালের আরেক চেহারা। আবেগ আর অতীতের দোহাই দিয়ে যাকে এখনো রাবীন্দ্রিক উচ্চারণে বাঙ্গালী বলে "এসেছে শরৎ হিমের পরশ"। আমি নাহয় প্রবাসী, প্রান্ত বাসি. আপনি বুকে হাত দিয়ে বলুন তো, শরৎ-এ হিমের স্পর্শ আর কি পান দেশে! যাক যে.. শারদীয় নিবন্ধ লিখতে গিয়ে গ্লোবাল ওয়ার্মিংয়ের কচকচির মধ্যে যাবো না।

কিন্তু কোভিড-এর মারে এবং তারপর আন্তর্জাতিক বিধি নিষেধের টানাপোড়েন, পলিটিক্সে, খরচের ধাক্কায়, যাতায়াতের প্রবল অনিশ্চয়তাই কী হলো? আমাদের মতন আটপৌরে প্রবাসী বঙ্গ সন্তানরা আটকে পড়লো। কাজ আর জীবন যাপনের টানে, প্রয়োজনে, পছন্দে, সুযোগে দেশে cope করতে না পেরে একদিন ঘর ছেড়ে বেরিয়েছিলাম ঠিকই। তার মানে দেশ ছেড়ে তো আসিনি, কেনই বা আসবো! কলিকাতা বৃদ্ধাশ্রম থেকে বঙ্গ সন্তানরা দু তিন দশক আগে থাকতেই বেরিয়ে পড়তে শুরু করেছে। সেই যখন থেকে কম্পিউটার বিরোধিতা করে বামফ্রন্ট সরকার পচিমবঙ্গের কোমর ভেঙে দিয়েছিলো। গঞ্জে মফস্বলে, পাড়ায় পাড়ায় রংবাজি আর মাস্তানির নৈরাজ্য প্রতিষ্ঠিত হয়েছিল। গড্ডলিকা প্রবাহে গা ভাসাতে না পারা আমার মত আরো কিছু বেপরোয়া জীবন সন্ধানীও তখন জয় মা বলে ঝুঁকি নিয়ে সমুদ্রে ঝাঁপ দিয়েছিলো। হ্যাঁ, বিদেশের মাটিতে স্বীকৃতির যোগ্যতাও ছিল বৈকি! এরা বাজিয়ে দেখে নেবে তো বটেই! তবে দেশের সেই ভাঙা কোমর অবশ্য... যাক। ছুটি পেলেই দেশে যাতায়াত করব, এই মানসিক প্রস্তুতি জিয়িয়ে রেখেছিলাম। সুতরাং পুজোয় দেশে চলে যাবো, এটাই দস্তুর। মহালয়ার আগে গিয়ে ভাই ফোটা সেরে ফিরব। অর্থাৎ শরৎ কালে অনেকটাই দেশে। তাহলে এদেশের অটম (যদিও হিসেব মতো তিন মাসের) আর দেখা হবে কী করে! দরকারই বা কী? থাকি বিলেতে ঠিকই, কিন্তু টিকি তো বাধা আছে দেশে। হোক গরম, গুমট, ভিড়, গ্যাঞ্জাম,

জিনিসের আগুন দাম তাহলেও ওই টিকি তে টান। অশ্বিনের মাঝামাঝি উঠিল বাজনা বাজি... বাজলো তোমার আলোর বেনু! কাটো টিকিট, গোছাও সুটকেস।

কোভিড দিল আটকে। একেবারে বেঁধে মার যাকে বলে। টিকা হয়ে গেলো, তারপরেও আইনি বাঁধন। দেশে যাওয়া বন্ধ! নিরুপায় লোকজন আমরা। জীবন ভাগ করে নিয়েছি স্বদেশে বিলেতে। এদেশের মাটিতেও শিকড় চারিয়ে গেছে এখন। তাই দুধের স্বাদ ঘোলে মেটানোর মানসিক প্রস্তুতি নিতেই হয়েছে। আর তখনই টের পেলাম, শরৎকালটা এদেশেই হয়। মনে হয় রবীন্দ্রনাথ যেন এদেশে বসেই লিখেছিলেন, "অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া।" সামার ফুরিয়ে গেছে সেই আগস্টের শেষ দিক থেকে। অটম আসছে। এক উদাসী রঙিন প্রকৃতি এখন। এখনো সুদীর্ঘ দিনমান। রাত্রি এসে যেথায় মেশে, সেখানে অন্তরীক্ষের অন্ধকার গাঢ় হতে গিয়েও নীলাভ আবছায়ায় থমকে দাঁড়িয়ে থাকে। সন্ধ্যা তারার দিক বদল হয়ে যায় তারমধ্যে, যখন নিষ্প্রভ হয়ে আসে সংক্ষিপ্ত রাতটুকু। ভোরের আকাশ রঞ্জিত হতে শুরু করে সেই তখন থেকে। তমসাবৃত শর্বরী ফুরিয়ে যেতে যেতেই ঊষার আভাসে অরুণোদয়ের লালিমা ফুটে ওঠে পুবের আকাশে। কোথা থেকে এসময় বয়ে আসে ভোরের হাওয়া। হিমেল অথচ স্নিগ্ধ। তিব্র নয় মৃদু মন্দ। কনকনে নয় তবুও ঠান্ডা। গা শিরশির ভাবের মধ্যে মোলায়েম রোদ ওঠে। অদ্ভুত শান্ত আর গভীর নীলাকাশ এই অটমে। কভিডে সীমায়িত উড়ান এখন। তাই খড়ির দাগ টেনে নীলিমাকে ছিন্ন ভিন্ন করতে পারেনি জেট বিমান। শান্ত সমুদ্রের মতো আকাশে নিশ্চন্তে ভেসে চলেছে সাদা মেঘের নৌকো। দেশটা এখনো ফুলে ফুলে ছয়লাপ। ডালিয়া, গোলাপ, সূর্যমুখী, পিটুনিয়া, লিলি আর চন্দ্রমল্লিকায় থরে থরে সাজানো বাগানের পর বাগান, পার্ক। আর হ্যাঁ, মাঠে ঘাটে কাশফুলের সমারোহ। লম্বা ডাঁটির মাথায় থোকা থোকা পাকা চুল। খেয়াল করে দেখি, তাই'ত কাশফুলই বটে! এতো কাশফুল ফোটে বিলেতে! দেশে'ত সব এখন ছবিতে। প্রকৃতির মত মনটাও উদাস হতে শুরু করে। নষ্টালজিয়া পেয়ে বসে।

বিলেতেও দুর্গা পুজো হয়ে বটে। বাঙালি যেখানেই থাকে, সেখানেই দুর্গাপুজো, রবীন্দ্র সঙ্গীত, খিচুড়ি আর ঝগড়া নাকি হবেই। তাই দল কেবলি ভাঙে। আমি উল্টো করে ভাবি, ভাঙে বলেই গড়ে। নতুন নতুন দল তৈরী হয়। আর নতুন নতুন আয়োজনে এখন বিলেতেরও শহর ছেড়েও মফস্বলে দুর্গাপুজো হয়। নামে এখানেও সর্বজনীন। কিন্তু কোথাও কিছুই সর্বজনীন হয় না। সর্বত্রই "গুটিকয়েকজনীন"। ভাড়া নেওয়া কোন হল ঘরের মধ্যে দুর্গাপুজো। আসলে সেটা প্রবাসী বঙ্গজনের বড় গেটটুগেদার, সাজগোজ, খাওয়া দাওয়া, হাসাহাসি, পিএনপিসি, পাত্র-পাত্রী দেখা দেখি, সেলফি

তোলাতুলি। তারপরেই দ্রুত সব ভুলে গিয়ে পরের দিন কাজের তাড়ায় আত্মসর্বস্ব বাঙালি গাড়ি নিয়ে হুস। কয়েকজনের ঘাড়ে অবশ্য কাজের পাহাড় চেপেই থাকে। এখন আমরা আর গুটিকয়েক জনের মধ্যেও পড়ি না। আমাদের দু নৌকায় পা। একদিন কোথাও প্রতিমা দর্শনে গেলাম কী গেলাম না.. দিন কাটাই স্মৃতি চারণে। ফিরে যাই বাল্য কৈশোরে, মফস্বলী পাড়ার পুজোয়, বাবা মা আত্মজন নৈহাটীর বাড়ি নিয়ে। যেখানে পার্থিব জীবনের আনন্দময় অধ্যায় রচিত হয়েছিল দুর্গাপুজো কেন্দ্র করে। স্বর্গের দেবী মর্তের ঘরোয়া আটপৌরে মেয়ে হয়ে বাঙ্গালীর ঘরে ঘরে তখন বিরাজ করেন কয়েক দিন ধরে। আসলে এই তো সেই সুসময়, যখন ছেলে মেয়ে নিয়ে মেয়ে বাপের বাড়িতে এসেছে। আনন্দে মুখরিত প্রকৃতি, ঘর, মানুষ. নস্টালজিয়ায় ভেসে যায় স্বতঃস্ফূর্ত।

মায়ের নাম গৌরী, মহাষষ্ঠীর দিন মায়ের জন্মদিন, সুতরাং ষষ্ঠীর দিন থেকেই আমাদের পুজো। কিন্তু মহাষষ্ঠীর দিন কী আর সহজে আসে! একটু বড় হয়ে উঠতে উঠতেই জানি, বাবা লেখক মানুষ, নৈহাটির খ্যাতিমান সাহিত্যিক তো বটেই. কাঠালপাড়া নৈহাটিকে বাঙালি একনামেই চেনে বঙ্কিমচন্দ্র আর সমরেশ বসুর নামে। সেই বাবা সমরেশ বসুর পুজোর লেখা যে শেষ হয়েও শেষ হয়না। তাহলে বাড়িতে পুজোর আবহাওয়া তৈরী হবে কী করে! শত কাজের মধ্যেও বাবা মায়ের জন্য জন্মদিনের তথা ষষ্ঠীর শাড়ি কিনে আনবেই। ব্যাস শুরু হয়ে গেলো দুর্গাপুজো। তখনও পাড়ার পুজো আবাসনের পুজোয় পর্যবসিত হয় নি। পাড়ার মাঠেই ডেকোরেটরের কাছ থেকে ভাড়া করে আনা বাঁশ, তক্তা, চট, ত্রিপল দিয়ে নিজেদের তৈরী করা প্যান্ডেল। পাড়াতুতো মামা, দাদা, কাকাদের সঙ্গে ল্যাংবোট আমরা। পিছন পিছন ঘুরছি, বাজার করছি, দশকর্মা ভান্ডার থেকে ফুলের দোকান। পিসি কাকিমা বৌদি দিদিরা মালা গাঁথছে, রঙিন কাগজ কেটে ঠাকুর সাজাবে, ইলেক্ট্রিশিয়ান কার্তিক আলো লাগবে পঞ্চমীর রাতেই, কেননা মহাষষ্ঠীর ভোর রাতে রূপমন্দির থেকে ঠাকুর আসবে দয়াল সিংয়ের লরি করে। বিকেলের মধ্যে বোধন। চার পাঁচ দিনের জন্যে ওই প্যান্ডেলেই আমাদের ঘর বাড়ি, আড্ডা যা কিছু। বাড়িতে নেহাত আসতে হয় তাই আসা। এমন স্বাধীনতা আর কবে হবে! নতুন জামা, পুজোর প্রসাদ, হেঁটে হেঁটে ঠাকুর দেখা আনন্দে খৈ ফুটছে। ওদিকে বাড়িতেও বেশ এক অন্য পরিবেশ। সকাল থেকে লুচি তরকারি আর রান্নার গন্ধ ভাসছে। বাবা বাজার করতে যাবে, তখন ব্যাগ নিয়ে সঙ্গী হতে বেশ ভালোই লাগে। কত লোকের সঙ্গে যে বাবাকে কথা বলতে হয়! সবজি আর মাছ বাজারের বিক্রেতারাও বাবাকে চেনেন, আমাদেরও। ব্যাগ ভরে ওঠে। যেদিন ঢাকীরা আমাদের বাড়িতে খেতে আসে, মা আলাদা করে বাজারের ফর্দ করে দেয় বাবাকে। কি যত্ন করে মা যে ওদের খাওয়াতো! নিজে পরিবেশন করত চার পাঁচজন ঢাকিকে। বাড়িতেও লোক আসার বিরাম ছিলোনা পুজোর কটাদিন। দেখতে দেখতে বিজয়া দশমী। ঠাকুর বিসর্জন দিয়ে গঙ্গায় হুটোপাটি করে

বাড়ি ফেরা। নিয়ম ছিল প্রথমেই বাবা মা কে প্রণাম করে বিজয়া করা, বাবার সঙ্গে প্রথম কোলাকুলি, তারপর দল বেঁধে পাড়ার বাড়িতে বাড়িতে ঘুগনি, নাড়ু, নিমকি, জিবেগজা, তিলের খাজা, লবঙ্গলতিকা, ছানার জিলিপি। কোথা থেকে অত খিদে হত তখন! পরের দিন সকাল থেকে প্রতিমাহীন প্যান্ডেলে উদাস বসে থাকতাম বন্ধুরা। হীরকপ্রভ সূর্যের গায়ে একসময় অপরাহ্নের লালিমা রক্তিম বিষন্নতা হয়ে উঠতো। আমাদের ঘরে ফিরতে ইচ্ছে করতো না। তবু ফিরতেই হত। আবার মাদুর পেতে কিংবা টেবিল চেয়ারে বসতেই হবে.. শীতের সময় অ্যানুয়াল পরীক্ষা।

তারপর দিন গেল। দিনের পরে দিন, মাস, বছরের পর বছর। সুখে দুঃখে আনন্দে অভিমানে হারানোয় পাওয়ায় এজীবনও যেন এবার ক্লান্ত সূর্যের রশ্মিকে বিদায় জানবার উদ্যোগ নিতে চলেছে। স্বদেশ কখন পরিবর্তিত হয়ে গেছে প্রবাসে। শরৎ হয়ে গেছে অটম। তবু সেই আশ্বিনের মাঝামাঝি... হাওয়ায় ভাসা কাঁপাকাঁপা ঢাকের আওয়াজ শুনতে পাচ্ছি, মনে হচ্ছে ওই দূর পাহাড় চূড়ার অন্তরালে দেবীর এবার দোলায় আগমনের প্রস্তুতি শুরু হয়ে গেছে। আমি দেখছি এপার থেকে।



ছবি - সুগত

# কৃত্তিবাস

**শুভ্র ঘোষ**

**ক**তদিন থেকে এরকমটা হচ্ছে?

ডাঃ নন্দীর প্রশ্ন শুনে অনিন্দিতা মানে আমার স্ত্রী একটু থমকাল, আমার দিকে একবার ঝটিতি তাকিয়ে নিয়ে বললো একজ্যাক্ট মনে পড়ছে না তবে মাস খানেক হবে। আমি কিছু বললাম না। একজ্যাক্ট ডেটটা আমার খুব ভালো মনে আছে। ঠিক দুমাস ছদিন হল। দিনটা মনে করতেই ডাঃ নন্দীর এই প্রশস্ত নিঝুম চেম্বারের ষোলতে চলা রুফ মাউন্টেড এসি উপেক্ষা করে ঘাড়ের কাছ, কপাল সব ঘামে ভিজে উঠল।

একটু আগে থেকে বলি, অনিন্দিতা অনেক ঝগড়া-ঝাটি করে অবশেষে আমাকে রাজি করিয়েছে ডাঃ বরুণ নন্দীকে একবার দেখাতে। ভদ্রলোক সাইক্রিয়াটিস্ট হিসাবে বেশ নামকরা। আমি ঠাট্টার সুরে বলেছিলাম তুমি তাহলে আমাকে শেষমেষ পাগল ঠাওরালে?

-না, ঝটিতি জবাব এসেছিল, কিন্তু এর একটা সুরাহা না হলে আমি এবার পাগল হয়ে যাবো। এরপর ছলোছলো চোখ, ঘনঘন নাক টানা, আমার নতুন শার্টের কাঁধের কাছটা নাক না চোখ ভগবান জানেন কিসের জলে ভিজে ওঠা, এসব পেরিয়ে দুজনে এখন এইখানে বসে আছি। ডাঃ নন্দী নিচু হয়ে কিছু নোট করছিলেন, এবার মুখ তুলে আমাকে বললেন মিঃ ঘোষ, আপনি প্লিস একটু চেম্বারের বাইরে সোফাটায় গিয়ে বসবেন? একটু কফি খান অ্যান্ড মেক ইয়োর সেল্ফ কম্ফর্টেবল, আমি আপনার মিসেস এর সাথে একত্রে দুটো কথা বলতে চাই।

- শিয়োর ডক, আমি উঠে পড়লাম, আড় চোখে দেখে নিয়েছি প্রশস্ত টেবিলে এইচ পি প্যাভিলিয়ন ডেস্কটপটার উপরে একটা ওয়েবক্যাম আছে। স্মার্ট মেশিন। চেম্বারের দরজা বন্ধ করে বাইরের সোফাতে গা এলিয়ে দিলাম। আলগোছে পকেট থেকে ফোনটা বের করে টেবিলের উপর রাখলাম। ঠিক তখনই মাথার মধ্যে ফিসফিসানিটা শুরু হলো।

"ডোন্ট ইউ ওয়ান্ট টু লিসেন হোয়াট ডক ইস সেয়িং?"

এটা কৃত্তিবাসের গলা। অনেকটা লো ল্যাটেন্সি ব্লুটুথ হেড সেটে ভল্যুম কমানো থাকলে যেমন শোনায় সেইরকম। একটু খসখসে আর শুনলেই যেন একটা খারাপ লাগা কাজ করে। আমার হ্যাঁ-না

এর অপেক্ষা না করেই তার মধ্যে একটা কথোপকথন শুনতে পেলাম। ডাঃ নন্দী জিজ্ঞেস করছেন, আচ্ছা ম্যাডাম, আপনি কি গেস করছেন কোন এক্সট্রা ম্যারিট্যাল অ্যাফেয়ার? অনিন্দিতার গলাটা ডাঃ নন্দী-র থেকেও পরিস্কার শুনতে পেলাম, না স্যার সেরকম কিছু নেই। ওসব কোনদিনই ছিল না। আমি এই একটা ব্যাপারে কনফিডেন্ট। দিস ইজ সামথিং এলস।

-ভিডিও গেম, বা অন লাইন চ্যাটিং এসবের প্রতি আসক্ত হয়তো?

-কিন্তু সেসব কতক্ষণ? বাড়ির ডেস্কটপটা ও চালায়, সেটা আমি দেখেছি; বেশ প্রিমিটিভ। ওতে তন্নতন্ন করে খুঁজেও কোন গেম বা ঐ জাতীয় কিছু পাইনি।

- একটা খ্যাসখ্যাসে আওয়াজ ভেসে এল, কৃত্তিবাস হাসছে।

আর তাছাড়া তাতে তো একটা ডিভাইস লাগে, ফোন, ল্যাপটপ, ডেস্কটপ, একটা কিছু- এতো কোথাও কিছু নেই, নিজের মনেই কথা বলছে! আর ভাল করে কান পেতে শুনেছি, কি কতগুলো সিগনাল, এমবেডেড চিপ, নিয়ার বাই ডিভাইস আরো কি কি সব কোনদিন শুনিনি, সেসব আওড়াতে থাকে।

ডাঃ নন্দীর গলা পেলাম, আগের থেকে অনেকটা স্পষ্ট, উনি কি আইটি বা ঐ জাতীয় কিছুতে অ্যাটাচড?

- না, একটা লজিস্টিকস কোম্পানির রিজিওনাল চার্জে আছে, সেখানে আইটি-র এত খুঁটিনাটি দরকার পড়ে কি? এতদিন তো পড়েনি, গত পাঁচ বছর ধরে তো এই চার্জেই আছে।

-ফ্যাঁসফেঁসে গলা ঘোষণা করলো ইয়োর ওয়াইফ ইজ প্রিটি ইন্টেলিজেন্ট।

-আর এই লেভেলে ইনভলভমেন্ট? অনিন্দিতার গলা কাঁদো কাঁদো, দিন নেই রাত নেই হয় বিড়বিড় করছে, না হয় কাউকে ধমকাচ্ছে, কিছু জিজ্ঞেস করলেই এড়িয়ে যাচ্ছে, মেয়ে অন্ত প্রাণ ছিল, সে মেয়ের সাথেও ভাল করে একটা কথা বলে না। ওরা ঘষা কাঁচের চেম্বারে বসে আছে, ওদের কথা স্পষ্ট শুনতে পাচ্ছি কৃত্তিবাসের দৌলতে, এটাও জানি হি ইজ কন্টিনিউয়াসলি ইভলভিং, হাতে ফোনটা তুললেই ডাক্তারের টেবিলের ওয়েবক্যাম ভিউ দেখতে পাব। কিন্তু, এই ধরনের গোপন উত্তেজনা, যেটা আর কেউ পাচ্ছে না, সারা পৃথিবীতে একমাত্র আমি পেতে পারি- এই চেতনা বোধটা আমার আস্তে আস্তে কমতে শুরু করেছে, অথচ কদিন আগেও এইটাই আমার একমাত্র ধ্যানজ্ঞান ছিল।

বাড়ির ডেস্কটপটা খারাপ হয়ে পড়ে আছে বহুদিন ধরে, প্রিন্টারটা ওটার সাথে কানেক্টেড। মেয়ের স্কুলের অসময়ে প্রোজেক্ট বানাতে গেলে ওটাই ভরসা। ভাগ্যিস পাড়ার মোড়ে একটা দোকান

কিছুদিন হ'ল খুলেছে, তাতে করে সামাল দেওয়া যাচ্ছে। কিন্তু আর চলছে না, ওটাকে না ঠিক করলেই নয়! তাই ফোনে যোগাযোগ করলাম অনন্ত'র সাথে। ওর একটা কম্পিউটার সেল আর রিপেয়ারের শপ আছে কাছেই। সারিয়ে তো দিয়ে গেল, একদম আগের মত। গোলমালটা বাঁধল তৃতীয় দিন থেকে। হয়ত জি-মেল খুলে মেল বক্স চেক করছি বা মেয়ের স্কুল প্রোজেক্টের জন্য চেঙ্গিস খানের ফটো ডাউনলোড করছি, এক পলকের জন্য স্ক্রিনে ডস প্রম্পট ভেসে উঠল। খুব সম্ভবতঃ সি ভিসুয়াল বেসিক প্রোগ্রামিং। কেউ খুব তাড়াহুড়ো করে একটা প্রোগ্রাম রাইট করছে, মনঃপুত না হওয়ায় মুছে আবার লিখছে। সবটাই সেকেন্ড দুয়েক সময়ে। প্রথমে সপ্তাহে দু'এক বার, তারপর ধীরে ধীরে ঘনঘন হতে লাগল। সিস্টেমটা পুরনো হওয়াতে বেশ স্লো চলত। কিন্তু অদ্ভুত ব্যাপারটার সাথে সাথে লক্ষ্য করলাম স্পিড বেশ বেড়ে গেছে। মাল্টিপল টাস্কিং এখন আমার ল্যাপটপটার চাইতেও স্পিডে হয়। অনন্তকে বলে কোন লাভ হলো না। ওর ওখান থেকে ছেলে আসে ঘন্টার পর ঘন্টা বসে থাকে, সিস্টেম একেবারে ভালো মানুষের মতো চলে। আমিও ফেড আপ হয়ে গেলাম। বললাম ছাড়ো এমনি তো অসুবিধা কিছু নেই বরং আগের থেকে ফাস্ট-ই চলছে।

-কে এসেছিল বলো তো প্রথম বার?

-ও তো চিরঞ্জীব, সে তো সাকসেসফুল বলে রিপোর্ট দিয়ে ছিল। তবে স্যাড কেস ঐটাই ওর লাস্ট কাজ। ফেরার পথে বাইক অ্যাক্সিডেন্ট করে ও মারা যায়। ভীষণ ব্রিলিয়ান্ট ছিলো ছেলেটা দাদা। অনন্ত চলে গেলে সিস্টেমের সামনে বসলাম, শাট ডাউন করতে যাব হঠাৎ স্ক্রীনটা নীল হয়ে গেল, আর লেখা ফুটে উঠল – "হ্যালো প্লিজ ডোন্ট শাট ইট।" এ আবার কি! অফিসের জরুরি একটা কাজ আছে, সেটা করব তা না এই আপদ। কিন্তু শাট ডাউন অপশন তো নেই, পুরো ব্লু স্ক্রিন জুড়ে ফুটে উঠেছে "প্লিজ ডোন্ট, আই অ্যাম কৃত্তিবাস, ইয়োর এ আই অ্যাসিস্ট্যান্ট!"

কি ধরনের ভাইরাস এটা? ও-কে, শাট ডাউন করতে দেবে না তো? দিচ্ছি বাংলা মতে শাট ডাউন মানে পাওয়ার বোর্ড থেকে। "প্লিজ আর পাঁচ সেকেন্ড দাঁড়াও, তারপর কোরো।" একটু ভড়কে গেলাম! আরে এতো বাংলা ফন্টে লিখছে, কিন্তু আমার জ্ঞানতঃ বাড়ির তিনটে উইন্ডোজ এর কোনটাতেই তো বাংলা ফন্ট নেই। আর - আর আমি তো কিছু বলছিনা, খালি ভাবছি! সেটা এই ভাইরাস বা যাই হোক বুঝছে কি করে? ট্রিক তো একটা কিছু আছেই, আমি নাগাল পাচ্ছি না। ও-কে, এটা নিশ্চয়ই হ্যাক হয়ে গিয়েছে। - "তুমি এখন শাট ডাউন করতে পারো। না-ও করতে পারো। তবে তোমার তো আবার কালকে অফিসের প্রেজেন্টেশন তৈরি করতে হবে।" পরিস্কার লেখা। গোটা বাংলায়। আমার বুকের মধ্যে ধকধক করছে, এই তথ্যটা দুনিয়ার কোন হ্যাকার জানতে পারে না, আমিই প্ল্যান করেছি মাত্র পনেরো মিনিট আগে এই ঘরে বসে!! সেই শুরু। প্রতি দিন আমার চোখের

সামনে একটু একটু করে ইভলভ হতে লাগল কৃত্তিবাস। দিন দিন তার জ্ঞানের বহর বেড়েই চলেছে। মাথা ঘুরিয়ে দেওয়ার মতো বিভিন্ন রোল প্লেয়িং এর সমাধান, কনটেন্ট, নিপুন লজিক্যাল ডিসকাশন, এমনকি ঐ পুরনো টিএফটি মনিটরের বুকে ফুটিয়ে তুলতে আরম্ভ করলো দেশ বিদেশের রিয়েল টাইম ভিডিও। ভালোই লাগতো। যা ইচ্ছে তাই ভাবতাম, আর দেখতাম সামনের ডেস্কটপে পিক্সেল জুড়ে জুড়ে ফুটে উঠছে আমার কল্পনা। আস্তে আস্তে ফোন ল্যাপটপ ঘড়ি সব জায়গাতেই ঘাঁটি গেড়ে বসলো কৃত্তিবাস। আমার প্রোডাক্টিভিটি বেড়ে গেল সাবস্ট্যানশিয়ালি। কিন্তু এ কোন এ-আই যে মানুষের মনের কথা বুঝতে পারে?

- "সব মানুষের পারি না, তোমারটা পারি।" চিন্তা যেটাকে বলো সেটা মগজে কিছু ইলেকট্রিক পালসের কম্বিনেশন, তোমার ব্রেনের ঐ পালস গুলো ট্র্যাক আর ডিকোড করার ক্ষমতা আছে। সবটা নয়, আই মাস্ট অ্যাডমিট। কিছু গ্রে এরিয়া এখনো আছে।

সকাল থেকে মাথা ভার, দুপুরের পর থেকে মনে হতে লাগল কেউ বা কারা যেন কথা বলছে, আমার খুব চেনা লোকজন, কিন্তু কি বলছে বুঝতে পারছি না। ঠিক আধঘন্টার মাথায় একটা ফ্যাঁসফেসে গলায় কে যেন বলে উঠল, কৃত্তিবাস, ইউ আর এ জিনিয়াস!! তার সাথে একটা কুটিল হাসি। ভীষণ চমকে উঠলাম। সামনে খোলা ল্যাপটপে দেখছি ব্লু স্ক্রীন আর আস্তে আস্তে লেখা ফুটে উঠছে, কৃত্তিবাস ইউ আর আ জিনিয়াস...

-তুমি এটা কিভাবে করলে? অস্ফুটে জিজ্ঞাসা করলাম, ফ্যাঁসফেসে গলা অনুভব করলাম মাথার ভেতর, আমি তোমার ব্রেইনের শ্রবণেন্দ্রিয় এর পোর্শনএ একটা ইউনিক গলার ইলেকট্রিক পালস পাঠাচ্ছি, তোমার ব্রেন ভাবছে তুমি "শুনছো"! এরপর থেকে এভাবেই চলতে থাকলো, দিনে দিনে কৃত্তিবাস উচ্চাকাঙ্ক্ষী হয়ে উঠছে। যেকোন সিস্টেম সে হ্যাক করতে চায়, কিছু হয়তো পারে কিছু পারে না। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বলেই হয়ত টাকা পয়সা এসবের দিকে ওর ঝোঁক নেই, লোভ জিনিসটা আমাদের থেকে ওর আলাদা। কিন্তু দিনরাত ঐ লো ল্যাটেন্স ফ্যাঁসফেসে গলায় কথা শুনতে শুনতে আমার অবস্থা খারাপ। শুনতেটা ভুল, ওটা অনুভব হবে। আমি বাড়ি ফিরে সিস্টেম খুলে বসে আছি, আমি কিছুই করছি না, যা করবার ওই করছে, কিন্তু মাথার ভিতরে দুপক্ষের চিন্তার ঝড় চলছে। মাঝে মাঝে আমি উত্তেজিত হয়ে জোরে কথা বলে ফেলি আর সেই "মাঝে মাঝে" টা ক্রমশঃ "প্রায়ই" থেকে "হামেশা" হয়ে দাঁড়ালো। বাড়িতে অশান্তি শুরু হলো! কোন কথা ঠিক করে শুনি না, আনমনা থাকি, যখন কথা বলি একেবারে আউট অফ কনটেকস্ট। ব্যাপারটা আরো ভয়াবহ আকার ধারণ করলো যখন কৃত্তিবাস যখন তখন যে কোন মানুষের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট খুলে

মেলে ধরতে লাগলো; ব্যাঙ্ক, পি এফ, মানে যা কিছুতে ইন্টারনেট এর ছোঁয়া আছে তাই-ই ওর করায়ত্ত হয়ে যাচ্ছে। সেই সাথে মাথায় সেই ফ্যাঁসফেসে গলার ইমপ্রেশন! ইউ কান্ট বিলিভ আজ কার হার্ড ডিস্ক ক্র্যাক করলাম... অনেকবার ভেবেছি আমাকে রেহাই দাও কিন্তু কৃত্তিবাস দমেনি। কি করে আন ইন্সটল করবো, কোনটা ডিলিট মারবো চিন্তা করার আগেই দেখছি সব সিস্টেমের এমনকি ফোনের ও পাসওয়ার্ড চেঞ্জড!!

কি হবে এখন? কৃত্তিবাসের কথায় টেলিপ্যাথিটা এখনো একমাত্র আমার সাথেই সম্ভব হয়েছে। আর কাউকে ও এখনো কব্জা করতে পারে নি। ফ্যাঁসফেসে একঘেয়ে গলায় বলে গেছে ওর প্ল্যান, আরো এরকম অসংখ্য কৃত্তিবাস ও তৈরী করে ছড়িয়ে দেবে সারা পৃথিবী জুড়ে, তারপর এ আই- রা চালাবে গোটা বিশ্ব....

ফ্যাঁসফেসে হিম ধরানো গলায় হিসেব দিচ্ছিলো কোন দেশের কত নিউক্লিয়ার অস্ত্রসম্ভার আছে, কোথায় আছে!

হোয়াট ডু ইউ একজ্যাক্টলি ওয়ান্ট টু ডু উইথ দিজ ডেটা? অত্যধিক আতঙ্কে আমার গলাও ফ্যাঁসফেসে হয়ে যায়.... উত্তরে কোন মেটালের উপর মেটাল ঘষার মত শব্দ হয়। নিচু লেভেলের কিন্তু হিংস্র..।

কৃত্তিবাস হাসছে।

ক্লান্ত পায়ে চেম্বার থেকে বেরিয়ে এলো অনিন্দিতা। দুর থেকে আমাকে দেখে একটা ক্লিষ্ট হাসি ফুটে উঠলো মুখে। মুচড়ে উঠলো বুকের মধ্যে। ও আর মেয়েই তো আমার সব। বাড়ি ফেরার পথে খুব বেশী কথা কিছু হয়নি। ডাঃ নন্দী কি কি ওষুধ আর কি কি করতে বলেছেন সব কিছুরই আপডেট ফ্যাঁসফেসে গলার কাছে পেয়ে গেছি। কিন্তু আমি জানি বিষাক্ত এই এ আই কে শেষ না করলে আমি, আমরা, বোধহয় গোটা পৃথিবীর কেউই বাঁচবে না। কৃত্তিবাসের কথা অনুযায়ী এখনো পর্যন্ত রেপ্লিকা তৈরি হচ্ছে ঠিক ই কিন্তু কোনটাই স্থায়ি হচ্ছে না। একটা নির্দিষ্ট সময়ের পর সেই কৃত্তিবাসেরা মুছে যাচ্ছে। আজ রাত ভর ও এটা নিয়ে কাজ করবে। ইফ ইটস সাকসেসফুল, কৃত্তিবাস উইল রিক্রিয়েট ডেসটিনি অফ হিউম্যান রেস। ফ্যাঁসফেসে গলাটায় এখন আর ভয় ধরানো যান্ত্রিক শীতলতা নেই বরং হিংস্র উদগ্র একট ভাব প্রকাশ পাচ্ছে। কোথায় ভেবে ছিলাম এ আই কে নিজের কাজে লাগাবো, মানুষ ভাবে এক হয়ে যায় আরেক। আরেঃ বিদ্যুচমকের মতো একটা কথা মাথায় এলো! ছোটবেলায় স্কুলের স্যার ও এটা বলতেন, তুই ভাবিস এক করিস এক... বুকের মধ্যে ঢিপ ঢিপ করে উঠলো। যদিও দু সেকেন্ড এর জন্য চিন্তা করছি.... না সামনে স্ক্রিন খোলা, এই চিন্তার নাগাল কৃত্তিবাস পায়

নি, হাজারটা প্রোগ্রাম খোলা, সেখানে ঝড়ের বেগে কাজ চলছে, তৈরি হতে চলছে লাখো কৃত্তিবাস, নরকে পরিনত হতে চলেছে দুনিয়া। মনে মনে ভাবলাম ফোনটা আর ল্যাপটপটা অনেকদিন আপডেট করা হয় না, ভাবতে যা দেরি মাথায় ভেসে এল ওগুলো অন করে টেবিলে রাখো, আপডেট হয়ে যাবে। যথারীতি আপডেট চালু হয়ে গেল দু জায়গাতেই। ফোনে দেখাচ্ছে ডু নট সুইচ অফ হোয়াইল আপ ডেটিং, ফোনটা খুব ময়লা হয়েছে ভাবতে ভাবতে ধীর স্থির ভাবে সুইচ অফ করে দিয়ে পাশের জল ভর্তি গ্লাসে ডুবিয়ে দিলাম আর নিচু হয়ে পাওয়ার বোর্ড থেকে প্লাগ দুটো খুলে নিলাম। এতক্ষণ যা যা ভেবেছি তার সাথে কাজের কোন মিল নেই। এই হিউম্যান এরর এর সঙ্গে পাল্লা দেওয়ার ক্ষমতা কৃত্তিবাসের নেই। এবার ধীরে সুস্থে ল্যাপটপের ব্যাটারিটা বার করে অল্প একটু ঠেলতেই চার ফুট ওপর থেকে পড়ে লেনোভোর-র দফারফা! ডেস্কটপটা সামনে কালো নিথর হয়ে পড়ে আছে। লাখো কৃত্তিবাস বিশ্বব্যাপী অন্তর্জাল এর কোথায় হাহাকার করছে কে জানে। উঠে আড়মোড়া ভেঙে গিয়ে দাঁড়ালাম বাইরের বারান্দায়। চরাচর নিস্তব্ধ। সামনের ঝুপসি গাছগুলো থেকে একটা রাতজাগা পাখি ডাকছে। যাই. কাল সকালে অনেক কাজ! আইটিকে বলে ল্যাপটপ ঠিক করতে হবে, নতুন ফোন একটা কিনতে হবে... আপততঃ মেয়ে আর মেয়ের মায়ের মাঝখানে গিয়ে শুয়ে পড়ি।

পুনশ্চ: আর কোন উৎপাৎ হয় নি, আর কৃত্তিবাস নামে কাউকে চেনে কিনা সে প্রশ্নের উত্তরে অনন্ত জানিয়েছিল

-যে টেকনিশিয়ান আমার বাড়ি এসেছিলো মানে চিরঞ্জীব, তার টাইটেল ছিল কৃত্তিবাস!

কৃত্তিবাস তবে লাখো কৃত্তিবাস তৈরী করে চিরঞ্জীব হতে চেয়েছিলো!!



# অবসর

রেখা পাঞ্জা





# স্বপ্নপাখি

## কল্লোলেন্দু মুখার্জী

মেঘের সাথে হলো গল্প
সুখ দুঃখের অল্প স্বল্প ..
যাওয়ার পথে মনের ভেলায়
চাঁদের বাড়ি,শুধাই তারে
কেমন আছে চরকা বুড়ি?

ভালোই আছে চরকা বুড়ি -
আগের মতো, রোজ রাতে
গান গেয়ে যায়...
শনপাপড়ি চুল উড়ে যায়...
বলবি কথা? আমার সাথে?
হঠাৎ এলো চরকা বুড়ি....
ও বুঝেছি "তুই তাহলে
সেই ছোট্ট খোকা
খুব কাঁদতিস মায়ের কোলে।
আমি বললাম "কী যে বলো
বোকা বোকা, আমি এখন
নই তো খোকা...
জানো তুমি কত বয়স?
কমসে কম দু কুড়ি দশ "
মা তো এখন তোমার দেশে
"তারা" হয়ে ঘোরে ফেরে
হয়তো তোমার আশেপাশে।

কী খবর? সেই মেয়েটার
ডাকতিস তুই "মেঘমল্লার"
দুচোখ ছিল দীঘীর মতো
শান্ত ছায়া ...অস্তরাগে
মনে পড়ে?
জানি না তো!!
এখন কোথায়!
কী যে করে!

মাঝরাত্তির পুণ্যিপুকুর
আমের আচার মিষ্টি দুপুর
উঠতো বেজে হঠাৎ করে
হৃদয়পুরে মিষ্টি সুরে
জলনূপুর।
ভুলে গেলি?
সে কোথায়?
মনে পড়ে?
সে এখন সাতমহলায়
নগর পারের রূপনগরে।
চরকা বুড়ি ফোকলা দাঁতে

মিষ্টি হাসে
খকখকিয়ে
কেবল কাশে....

আবার বলে "তাহলে সেই শপথ গুলো?
"আমি বলি "উড়ে গ্যাছে হয়ে ধূলো "।
শালের বনে জ্যোৎস্না নামে
কুয়াশার জাল রংটা তার
হয়তো নীল কিংবা লাল
মুক্তো ঝরে ভাসতো গাল
কী হবে? সেই মুক্তো মালার?
আমি বললাম "রাখা আছে
অচিনপুরের গহিন গাঙে
শঙখচিলের ডানায় ভেসে
যখন সেথা সন্ধ্যা নামে
আঁধার সহবাসের খামে
চিঠি আসে "।

সে তো ছিল আমার দেবী
পুরুত আমি ...তার আরতি
একদিন তাকে নিয়ে গেলো
নীল মারুতি..

আমি এখন ভাবতে থাকি...
ভাবতে থাকি.... স্বপ্ন দেখি..

নীল শাড়িটা মেলা আছে খোলা ছাতে....

স্বপ্ন দেখি ন্যাংটো ছেলে ইস্কুলে যায়...
ভাত মেখে খায়
শিউলি ফোটে শারদ প্রাতে..।
স্বপ্ন দেখি দৃপ্ত শ্রমিক
হাপর টানে গনগনে আঁচ কামারশালার
স্বপ্ন দেখি বর্ষা নামে
কে যেন গায় মেঘমল্লার।
স্বপ্ন দেখি মিছিল মুখ
দৃপ্ত চোখ দীর্ঘ পথ
প্রান্ত জন টানছে রথ।
স্বপ্ন দেখি সিক্ত মাটি
"নারানকাকা "বাইছে হাল
শক্ত পেশী দিনমজুর
সুয্যিমামা মাঝদুপুর।

স্বপ্ন দেখি রক্তবীজ পোড়ে চিতায়...
পোড়া কাঠের ছাই ওড়ে ....
চরকা বুড়ির সুতোর টান পুতুলনাচ
কে আগে কে পরে ।
দগ্ধ দহন জীবন ভর...

আসছে ঘুম
আয় ঘুম আয় ....

| | |
|---|---|
| সুর তুলে আয়...<br>দোলনচাঁপায়...<br>আয় নিয়ে আয়...<br>শেষের খেয়ায়... | হারিয়ে যাওয়া<br>কষ্ট সুখ...<br>দে ফিরিয়ে<br>সেই মায়া মুখ। |



*pc Sinjini*

# মহাকুম্ভ

**কাবেরী দেব**

**হি**ন্দু পুরাণ মতে কোনও এক সময়ে দেবতা ও অসুরদের যুদ্ধে দেবতাদের পরাজয় হয় এবং দেবতারা হীনবল হয়ে পড়েন। দেবতারা তখন ভগবান শ্রীবিষ্ণুর শরণাপন্ন হন। বিষ্ণু তাঁদের পরামর্শ দেন সমুদ্রমন্থন করে অমৃত উদ্ধার করার। দেবতা ও অসুরদের মিলিত প্রয়াসে শুরু হয় সমুদ্র মন্থন। ক্ষীরসমুদ্রের বুকে মন্দার পর্বতকে মন্থনদন্ড হিসেবে এবং বাসুকীনাগকে রশি হিসেবে ব্যবহার করা হয়। শ্রীবিষ্ণু কূর্মাবতার রূপে মন্দার পর্বতকে ধারণ করেন। মন্থনের ফলে প্রথমে উঠে আসে হলাহল বিষ। মহাদেব সেই হলাহল পান করেন। এরপর একে একে ঐরাবত হস্তী, উচ্চৈ:শ্রবা ঘোড়া, লক্ষ্মী, পারিজাত পুষ্প অবশেষে ধন্বন্তরী উঠে আসেন অমৃতপূর্ণ কলস বা কুম্ভ নিয়ে। দেবতা ও অসুরদের মধ্যে অমৃতের অধিকার নিয়ে দ্বৈরথ শুরু হলে ভগবান শ্রীবিষ্ণু অপূর্ব সুন্দরী মোহিনীরূপ ধারণ করে অসুরদের বিমোহিত করেন। সেই সুযোগে গরুড় সেই অমৃতকুম্ভ নিয়ে চলে যান। যাওয়ার পথে চার জায়গায় অমৃতের ফোঁটা পড়ে - প্রয়াগরাজ, হরিদ্বার, উজ্জয়িনী ও নাসিক। এই চার স্থানই পরম পবিত্র স্থান হিসেবে পরিগণিত হয় এবং পরবর্তীকালে এই চার স্থানে শুরু হয় কুম্ভমেলা।

কুম্ভমেলা তিন প্রকার। প্রতি ছয় বছর অন্তর হরিদ্বার ও প্রয়াগরাজে অনুষ্ঠিত হয় অর্ধকুম্ভ মেলা। প্রতি বারো বছর অন্তর হয় পূর্ণকুম্ভ। এটি এই চার স্থানের যেকোন এক জায়গায় হয়। এবং মহাকুম্ভ মেলা হয় প্রতি একশ চুয়াল্লিশ বছর অন্তর।

এই বছর অর্থাৎ ২০২৫ সালে অনুষ্ঠিত হয় মহাকুম্ভ মেলা - প্রয়াগরাজে। গঙ্গা, যমুনা ও সরস্বতীর (লুপ্ত) সংযোগস্থল প্রয়াগরাজ! বিস্তীর্ণ এলাকা জুড়ে পরিকল্পনা হয় এই বিশাল কর্ম যজ্ঞের। সারা দেশ ও বিদেশ থেকে বহু পুণ্যার্থী ও দর্শনার্থী আসেন এই পুণ্যভূমিতে পবিত্র সঙ্গম স্নানের উদ্দেশ্যে। তাঁদের থাকা, খাওয়া, পুণ্যস্নানের সুষ্ঠু ও সুন্দর ব্যবস্থা ছিল। ৪৫ দিন ব্যাপী পুণ্যলাভের জন্যে প্রায় ৪০ কোটি মানুষের সমাগম হয়েছিল।

এবার বলি আমার নিজের কুম্ভদর্শনের কথা। আমার এতখানি বয়সে আমি স্বপ্নেও কল্পনা করিনি কুম্ভমেলায় যাব। আমি এও বিশ্বাস করিনা যে সঙ্গমে স্নান করলেই সব পাপ ধুয়ে যায়। তবু এবার



আমার মামাতো ভাই অনিরুদ্ধ এবং ভাই-বৌ অনুরাধার সাথে কথা প্রসঙ্গে ভাই জানালো ওর এবার প্রয়াগরাজে যাওয়ার খুব ইচ্ছে। আমাকেও অনুরোধ করল যাওয়ার জন্য। আমি তো আমার বয়স ও শারীরিক অবস্থার জন্যে আমার পক্ষে একেবারেই অসম্ভব বলে দিলাম। কিন্তু ওরা কিছুতেই শুনলো না, বলল "চলো, খুব ভালো ব্যবস্থা আছে। তোমার কোন অসুবিধে হবে না।" দু'দিনের মধ্যে প্লেনের টিকিট, থাকার জন্যে টেন্ট বুকিং সব করে ফেলল। এর মধ্যে ১৪ই জানুয়ারি পৌষ সংক্রান্তির শাহি স্নানের দৃশ্য টিভিতে দেখে'ত প্রচন্ড ভয় পেয়ে গেলাম। বন্ধু-বান্ধব আত্মীয় স্বজনরাও কেউ কেউ উৎসাহ দিল, আবার কেউ সাবধান করল।

অবশেষে ২৯শে জানুয়ারি মৌনী অমাবস্যার শাহি স্নানের উদ্দেশ্যে আমরা রওনা হলাম ২৭শে জানুয়ারি বিকেলের ফ্লাইটে। সন্ধে নাগাদ পৌঁছালাম প্রয়াগরাজে। এয়ারপোর্ট থেকে আমাদের ক্যাম্পের দূরত্ব ২৫ কিমি। এয়ারপোর্টেই গাড়ি ছিল। ড্রাইভার ভদ্রলোক বললেন পুরোটা হয়তো গাড়ি যাবে না। ১৪ই জানুয়ারির স্নানের অভিজ্ঞতা থেকে প্রশাসন দুদিন আগে থেকেই সঙ্গমের কাছাকাছি সব রাস্তায় গাড়ি বন্ধ করে দিয়েছে। শুনে তো আমাদের মুখ শুকিয়ে গেছে। লাগেজ নিয়ে কী করে হাঁটব? যাইহোক বাবা ভোলানাথের নাম করে তো রওনা হলাম। পুরো রাস্তা দুধারে আলোর বাহার দেখতে দেখতে চললাম। খুব সুন্দর সাজিয়ে তুলেছে প্রয়াগকে। কিছুটা যাওয়ার পর থেকেই দেখছি রাস্তার দুপাশ দিয়ে অজস্র মানুষ হেঁটে চলেছেন - বৃদ্ধ, মহিলা, শিশু নির্বিশেষে। পিঠে, মাথায় ব্যাগ, বোঁচকা, কোলে শিশু। ক্লান্ত হলে রাস্তার পাশেই বসে বিশ্রাম নিচ্ছেন, আবার উঠে হাঁটছেন। আমাদের গাড়িও থেমে থেমে চলেছে। গঙ্গার ধার দিয়ে অসংখ্য তাঁবু, আখড়া আর অনেক অস্থায়ী ব্রিজ। সব আলোয় আলোকময়। শেষ পর্যন্ত গাড়ি করেই সেক্টর ২৫এ আমাদের সাময়িক আস্তানা

টেন্ট সিটিতে পৌঁছোলাম। সেও এক দর্শনীয় পরিবেশ। বিশাল এলাকা নিয়ে প্রচুর তাঁবু। বালির ওপর টাইলসের রাস্তা, রাস্তার দু'পাশে অজস্র মরসুমি ফুলের গাছ, বাহারি আলোর মেলা। টেন্টের ভিতরে ঢুকে মনে হল ফাইভ স্টার হোটেলে ঢুকেছি। সেরকমই সুন্দর সব ব্যবস্থা। কিচেনের দায়িত্বে রয়েছেন এক বাঙালি ভদ্রলোক। ফলে খাবার মেনুও রকমারি ও খুবই সুস্বাদু।

সেই রাত তো বেশ আরামেই ঘুমিয়ে কাটলো। পরদিন ২৮শে জানুয়ারি। ব্রেকফাস্ট করে আমরা বেরিয়ে পড়লাম। একজন গাইড ছিল আমাদের জন্য - ত্রিপাঠি জি। অল্পবয়সী ছেলে, ল' পড়ছে। বেরিয়ে দেখি বালির উপর বড় বড় লোহার পাত বসিয়ে রাস্তা। বাইক ছাড়া কোন গাড়ি নেই। মাঝে মাঝে ২-৪ টি ভি.আই.পি র গাড়ি আর প্রচুর পুলিশের গাড়ি। একটু পর পরই পুলিশ চৌকি, ওঁরা সব রকম সাহায্য করছেন যাত্রীদের। কিন্তু রাস্তায় মানুষের ঢল নেমেছে। কত মানুষের যে হেঁটে চলেছেন তার ইয়ত্তা নেই। আমরাও তাঁদের সাথে পা মেলালাম। মাঝে মাঝেই রাস্তার পাশে চায়ের দোকান, সেখানে বসার ব্যবস্থা। আর ছোট বড় আখড়া - সেখানে ঢালাও খাওয়ার ব্যবস্থা। আমরা মাঝে মাঝে বিশ্রাম নিচ্ছি, চা আর টুকটাক খাচ্ছি। আবার হাঁটছি। ৪-৫ কিলোমিটার হেঁটেও সেরকম কষ্ট মালুম হল না। সঙ্গমঘাট লোকে লোকারণ্য। কেউ হেঁটে এসে বিশ্রাম করছেন, কেউ তখনি স্নান করে বালির ওপর কাপড় জামা শুকোতে দিয়েছেন। সে কাপড় কখনো লোকের পায়ে পায়ে ধূলি ধূসরিত হচ্ছে। আর একটা ব্যাপার দেখলাম কোন একটি দলের সদস্যরা দড়ি গোল করে বেঁধে তার ভিতরে দড়ি ধরে হেঁটে চলেছেন। আবার দড়ির অভাবে কেউ কেউ শাড়ির এমাথা ওমাথা দুজন শক্ত সমর্থ মানুষ ধরে মাঝে অন্যান্যরা চলেছেন। কেউ কেউ ২-৩টি ওড়না গিঁট বেঁধেও চলার সাহারা বানিয়ে নিয়েছেন। লাউডস্পিকারে একটানা ঘোষণা হচ্ছে অমুক জায়গার অমুক - আপনার বাড়ির লোক আপনার জন্য অপেক্ষায় রয়েছেন, অনুগ্রহ করে "কমল কে নিচে আ জাইয়ে।" সেই কমলটি যে কোথায়? অনেক খুঁজে মনে হল একটা গেটের ওপর পদ্মফুল আঁকা, সেটাই হবে হয়তো। যাইহোক গঙ্গাবক্ষে তখন অসংখ্য সুসজ্জিত নৌকো যাত্রীর অপেক্ষায়। আমরা প্রথমে যে নৌকোটার কাছে গেলাম - ভাড়া বলল ৫০০০০ টাকা! শুনে'ত আক্কেল গুড়ুম! তারপর আমাদের গাইড শ্রীমান ত্রিপাঠিজি আসরে নামলেন। অনেক দরাদরি করে ৫০০০ টাকায় নৌকো ঠিক হল। নৌকো করে মরা মূল সঙ্গম স্থলে পৌঁছোলাম। যাওয়ার পথে নৌকো থেকেই দেখলাম আকবরের দুর্গ আর জলে অজস্র সিগাল।

তখন বিকেল চারটে। সেদিন ৭টার পর অমাবস্যা শুরু হবে, অনুরাধার ইচ্ছে মৌনী অমাবস্যাতেই স্নান করবে। আমরা ভেবেছিলাম ৭টা অব্দি নৌকাতেই ঘুরবো তারপর অমাবস্যা শুরু হলে স্নান করে ফিরে আসব। কিন্তু মাঝিভাই বললে বিকেল ৫টাতে নৌকো বন্ধ হয়ে যাবে। কী আর করা! সঙ্গমের জল গায়ে মাথায় ছিটিয়ে বোতলে জল ভরে ঘাটে ফিরে এলাম। গঙ্গার ঘাটে দেখা যাচ্ছে অসংখ্য কালো মাথা। লোকে লোকারণ্য। বেশ কয়েকজন যাত্রীর সাথে কথা হল। সবারই এক কথা - কে কতদূরে গাড়ি রেখে ৭কিমি - ১০ কিমি হেঁটে এসেছেন। বহু মানুষেরই থাকার জায়গা নেই। যে যেখানে পারছেন প্লাষ্টিক বিছিয়ে কম্বল মুড়ি দিয়ে রাত কাটাচ্ছেন। ভাগ্যবানেরা কোন আশ্রম বা আখড়াতে জায়গা পেয়েছেন। অনেক জায়গায় দেখলাম সারি



সারি বায়ো টয়লেট। কিন্তু এই বিপুল সংখ্যক মানুষের তুলনায় তা নিতান্তই অপ্রতুল। ফেরার সময় আবার অতখানি রাস্তা হাঁটতে হবে ভেবে ভয় পাচ্ছিলাম, কিন্তু ত্রিপাঠিজি একজন বাইক আরোহীকে থামালেন, আমরা অনুরোধ করলাম খানিকটা দূর এগিয়ে দিতে। ভদ্রলোক এক কথায় রাজি হলেন। আমি আর অনুরাধা বাইকের পেছনে চেপে বসলাম। জীবনে দ্বিতীয়বার বাইকে চড়া! ভীষণ ভয়ে ছিলাম কিন্তু দেখলাম দিব্বি পেরে গেলাম। ভদ্রলোক আমাদের একদম ক্যাম্পের সামনেই নামিয়ে দিলেন। খানিক পরে আমার ভাই আর ত্রিপাঠিজিও এসে গেল। শুনলাম ৬০০টাকা ভাড়া নিয়েছে। আমরা যাঁর সাথে এসেছি তাঁকে তো কিছুই অফার করিনি - উনিও কিছু বলেননি! পরে জানতে পারলাম, প্রচুর বাইকওয়ালা এভাবে যাত্রীদের লিফ্ট দিয়ে রোজগার করছেন। খুব খারাপ লাগছিলো জানার পর। টেন্টে গিয়ে ফ্রেশ হয়ে রাতের খাওয়া সেরে বিছানায় চলে গেলাম। পরদিন সকাল সকাল বেরোনো হবে। গাইড আর ঐ বাইকওয়ালাভাইকে বলে দেওয়া হল আসতে।

ভোর রাতে হঠাৎ ফোন - আমার এক দিদির ছেলে ফোন করেছে - সঙ্গমে stampede হয়ে কতলোক মারা গেছে। আমরা ঠিক আছি কিনা খবর নিল। তখন মনে হল রাতের ঘুমের মধ্যে মাঝে মাঝেই এম্বুলেন্সের আওয়াজ পাচ্ছিলাম আর ঘন ঘন announcement শোনা যাচ্ছিল। সকালে উঠে খবর পেলাম সঙ্গম ঘাটে স্নান বন্ধ, রাস্তায় কোন রকম গাড়ি চলাচল করছে না - এমনকি বাইকও না। মন খারাপ করে বসে রইলাম। বারবার ঘোষণা শোনা যাচ্ছে, যে যেখানে আছে তার কাছাকাছি কোন ঘাটে স্নান করে নিন। আমরাও তাই করলাম। বালির উপর ২কিমি হেঁটে গিয়ে একটা ঘাটে

কোনো রকমে স্নান সেরে নিলাম। আমাদের স্নান মানে - দুজনের কেউই হাঁটুর সমস্যায় বসতে পারিনা। কোমর জলে নেমে মগে করে মাথায় জল ঢাললাম। প্রদীপ, ধূপকাঠি, ফুল, দুধ জোগাড় করে দিল গাইড। গঙ্গা আরতি করলাম। স্নান করে কতটুকু পাপ স্ক্ষালন হল জানিনা, তবে মনে একটা শান্তি অনুভব করলাম। যদি কণামাত্র পুণ্যও অর্জন করে থাকি, তবে তা আমার সমস্ত আত্মীয়, বন্ধু, স্বজনদের সাথে ভাগ করে নিলাম। আর যে সব হতভাগ্য বহু কষ্ট সহ্য করে অক্ষয় পুণ্য সঞ্চয় করতে এসেছিলেন - নিয়তি যাদের সেই পুণ্য স্নানটুকু করারও সুযোগ দিল না, তাঁরা চিরশান্তি ও অক্ষয় পুণ্য লাভ করুন - এই প্রার্থনা।





# “সূর্যই সকল শক্তির উৎস”

সৌম্য শংকর বসু

**গ**তবছর তিয়ানার সঙ্গে এনার্জি শিখছিলাম আবার। শিখতে শিখতে আমিও আমার স্কুলজীবনে ফিরে গেছিলাম। শক্তির রূপান্তরে একটা পরিচিত মন্তব্য ছিল 'সূর্যই সকল শক্তির উৎস'। পরীক্ষায় প্রশ্নও আসতো এটার ব্যাখ্যা করতে বলে।

সেই কথাটা ভাবতে ভাবতে আমার ভাবনাটা বাংলা গানে চলে এলো। আর সেখানের সূর্য(রবি) রবীন্দ্রনাথ। স্বর্ণযুগের অনেক বাংলা গানের উৎসও তিনি। স্বর্ণযুগের গীতিকারদের গান লেখার উৎস অনেক সময়েই হতো গীতবিতান। পত্রপত্রিকায় প্রকাশিত সাক্ষাৎকার, শিল্পীদের আত্মজীবনীতে এর অনেক সমর্থন পাওয়া যায়। সন্ধ্যা মুখোপাধ্যায় 'ওগো মোর গীতিময়' বইতে শ্যামল গুপ্তের কথা বলতে গিয়ে বলেছিলেন যে ওনার গান লিখতে গীতবিতান লাগতোনা। অন্য অনেকের যে লাগতো, এটা সেই ব্যাপারটার ই প্রচ্ছন্ন সমর্থন। ভাবলাম সেরকম কয়েকটা গানের গল্প বলি।

শঙ্করলাল ভট্টাচার্য একটা সাক্ষাৎকার ভিত্তিক বই করেছিলেন হেমন্ত মুখোপাধ্যায়ের 'আমার গানের স্বরলিপি' বলে। সেখানে হেমন্ত মুখোপাধ্যায় বলেছেন, "অনেক গানের প্রথম লাইন আমিই বলে দিয়েছি, লিরিসিস্ট যারা গৌরী, পুলক এরা এসে খোঁচায় দিন না প্রথম লাইনটা ধরিয়ে…" এভাবেই তৈরী হয়েছে বেশ কিছু কালজয়ী বাংলা গানের প্রথম লাইন। 'আমার এ পথ, তোমার পথের থেকে অনেক দূরে গেছে বেঁকে' থেকে হয়েছে 'আজ দুজনার দুটি পথ ওগো দুটি দিকে গেছে বেঁকে' 'প্রেম এসেছিলো নিঃশব্দ চরণে' হয়ে উঠেছে 'প্রেম একবারই এসেছিলো নীরবে।' দ্বিজেন মুখোপাধ্যায় একবার এইচএমভি থেকে গাইলেন 'ওই জানালার কাছে বসে আছে করতলে রাখি মাথা।' মৃনাল চক্রবর্তীর গানটা খুব ভালো লাগলো। উনি একদিন সকালে এইচএমভিতে গিয়ে গানটা রেকর্ড করতে চাইলেন। তখন এইচএমভি ব্যবসায়িক কারণে এক রবীন্দ্রসংগীত এক বছরে একজনের গলায়ই বার করতো, কারণ শ্রোতারা এক সঙ্গে দুজনের কণ্ঠে এক গানের রেকর্ড কিনবেন না। এইচএমভি প্রত্যাখ্যান করায়, মৃনাল বাবুর খুব মন খারাপ হলো। উনি চলে গেলেন অধ্যাপক গীতিকার ভাস্কর বসুর কাছে। 'জানালার কাছে বসে আছে' মাথায় রেখে গান লেখা হলো। মৃনাল বাবু নিজেই সুর করে, একই দিনে বিকেলে এইচএমভিতে গিয়ে বললেন, একটা গান বানিয়েছি। গান শুনেই এইচএমভি তৎক্ষণাৎ রেকর্ড করতে রাজী হয়ে যায়। তৈরী হয় ইতিহাস! 'খোলা জানালার ধারে মাথা রেখে, কত

শিশির পড়েছে কবরীতে।' অভিজিৎ বন্দ্যোপাধ্যায় একদিন সলিল চৌধুরীর কাছে গিয়ে দেখেন উনি বার বার 'ওরে সাবধানী পথিক বারেক পথ ভোলো' শুনছেন। কেন ওটা শুনছেন জিগেস করায় সলিলবাবু ওনাকে বলেন দু'একদিন পরে এসো। দু'একদিন পর অভিজিৎ বাবু গিয়ে শুনলেন, নতুন গান। 'সাবধানী পথিক' শুনতে শুনতে সলিল বাবুর মনে হয়েছিলো, পথিক সব সময়ে সাবধানী কেন হবে যে তাকে বলতে হবে এক বার পথ ভুলতে? তার উত্তর দিতেই এই নতুন গান 'পথ হারাবো বলেই এবার পথে নেমেছি।'

সহজেই যাচাই করে নেওয়া যাবে এরকম কয়েকটা গল্প বললাম। তবে এরকম গল্প না শুনলেও, স্বর্ণযুগোত্তর কিছু গানের ক্ষেত্রেও আমার মাথায় এরকম জিনিস এসে যায়। 'আমাকে আমার মতো থাকতে দাও' মনে পড়িয়ে দেয় 'আমায় থাকতে দে না আপন মনে'; 'যদি ভাবো কিনছো আমায় ভুল ভেবেছো' মনে পড়িয়ে দেয় 'ভেবেছিনু ওকে চিনেছি, বুঝি বিনা পণে ওকে কিনেছি।'

ভাবনাটা কি খুব ভুল?



pc Sinjini

# Ma

**Conceptualised by Snigdha Banerjee**
**Painted by Neepa Bandyopadhyay**



# পুরানো সেই দিনের স্মৃতি

**ডাঃ মঞ্জুশ্রী মুখোপাধ্যায়**

















Office/Advertising: Display 01709 303030; Classified 303040. Editorial 303050.
Website: www.dearneonline.co.uk
Friday, November 2nd, 2001 –




শেফিল্ড এণ্ড ডিস্ট্রিক দুর্গোৎসব এণ্ড কালচারাল
কমিটি বারনসলে, সাউথ ইয়র্কশায়ার ইংল্যান্ড





# রিয়েলিটি

**মঞ্জুশ্রী দাস**

**'ভাগ্য '** - শব্দ টা ছোট্ট -- অথচ তার আগে দুটো বর্ণের তারতম্যে মানুষ হাসে, কাঁদে। টি.ভি. র পর্দা জুড়ে রিয়্যালিটি শো এর চুম্বক আকর্ষণে বসে আছেন টি. ভি. র সামনে।

প্রতিযোগীরা তাদের অভাবের কথা, প্রয়োজনের কথা বলছেন একে একে -- এই টাকা টা পেলে কে কি করবে তার লম্বা লম্বা ফিরিস্তি আসছে -- আশ্চর্য এটাই, এত প্রয়োজন, এত অভাব মানুষ জমিয়ে রেখেছে মনে মনে, এই একটা

খেলায় পাওয়া টাকা র জন্য! অথচ, এই খেলাটা শুরু ই হয়েছে ক'দিন মাত্র আগে! তা বললে কি হয়! খেলাই এখন পুরোদস্তুর মায়াবী লাঠি, যার টানে আসে এত এত অভাবী মানুষ -- স্বপ্নের ' সব পেয়েছির দেশে ' পৌঁছতে।

'খেলা '- চলছে -- উপহারে আসছে কোথাও জিনিস, কোথাও টাকা -- ভুল উত্তরে কোথাও কাটা যাচ্ছে নম্বর আবার খোয়া যাচ্ছে টাকা ---

অবাক কাণ্ড! সরোজিনীর বয়স সত্তরের কোঠা পেরিয়ে গেছে কবে! হাঁ করে তাকিয়ে আছেন টি.ভি. র পর্দার দিকে -- দেখছেন, ভাবছেন, হাসছেন আবার কখনও কোন প্রতিযোগীকে ভালো লেগে গেলে, অপত্য স্নেহে তার জিতে যাওয়ার জন্য ভগবানকেও ডাকছেন।

সেদিন একজন যোগা টীচার এসে তার যোগ ব্যায়ামের প্রদর্শনী করে গেলো, যা দেখে সরোজিনীর মন খারাপের শেষ নেই। কারণ, আজ তার পরনির্ভর জীবনে সেই সুন্দর ছিপছিপে শরীরটাই তো অথর্ব।

এখন দুই ছেলের ঘরের নাতি নাতনীরা তাকে ঘিরে থাকে সর্বক্ষণ -- তিনিও দেখেন, ভাবেন, যেকালে তিনি বাস করেছেন, বড় হয়েছেন, সম্পর্কের নানান ডাকে সাড়া দিয়েছেন, আজ আর তার চারপাশ ঘিরে সে মুখরতা নেই, আজ দুই প্রজন্মের দুটি ডাকে তার সাড়া দেবার ব্যস্ততা -- মা আর আম্মা।

নিজের মনের ঘোরেই থাকেন বেশিরভাগ সময়ে -- নাতির ডাকে সম্বিত ফেরে ----

"আম্মা " -- ঐ দেখো, বাগাডুলি! তুমি, আমি ঐটা নিয়ে খেলি, তাই না!"

দেখা গেল, সংসারের অনেক প্রয়োজন মাথায় নিয়ে কিছু সুরাহা করবার আশায় যে এসেছিলো, সেই মহিলাটি অঝোরে কাঁদছে, কারণ তার দানগুলো সব নষ্ট হয়ে গেছে, কোনটাই বড় অঙ্কের টাকায় পড়ে নি --- তাকে বোঝানো যাচ্ছে না, এটা নিতান্তই একটা খেলা! কিন্তু সত্যিই কি তাই!

সরোজিনীকে চমকে দিয়ে তার নাতি বলে ওঠে, "আম্মা, আমাদের বাগাডুলিতেও ঐরকম করে টাকা লিখে দিতে বলবো বাবা কে, তাহলে, আমার বলটা যেখানে পড়বে, তুমি ঐ টাকাটা আমাকে দিয়ে দেবে, ব্যস্! কি রকম মজা হবে, বলো!

সরোজিনী চুপ হয়ে যান - এক মূহুর্ত্তের জন্য মনে হলো,'এ তো জুয়া খেলা' -- টাকায় বিকোবে সম্পর্ক আর প্রাণ জুড়োন' সম্পর্কের ডাক!

নির্মল শৈশবের খেলার জিনিসে টাকার অঙ্কের এই ছাপ! দান পড়বার আগেই বাজী রাখা -- যা কিছু তোমার মানের, মনের, অহংকারের! শকুনির পাশাখেলার চেয়ে কম কোথায়!

আটাত্তরের সরোজিনী আহ্লাদে নয় -- বিষাদের বিষণ্ণতায় স্তব্ধ হয়ে গেলেন।



**Photography**

**Dr Gautam Bal**



# A Brush with Joy: My Taiwan Memory in Oil on Canvas

This painting, set against the grand backdrop of the iconic Grand Hotel Taipei, portrays a moment shared with my husband as we celebrated love, laughter, and a dear friend's wedding. We may have lost most of the photos from our trip—my phone gave up on me before they could be backed up. But I hope that every time we look at this painting, the joy and laughter we shared will come rushing back, as vivid as ever, and stay with us always.

**Ishita Chatterjee**

# অন্য প্রেমের গল্প

**ঋ..**

**স**কালে ঘুম থেকে উঠেই রুমেলার দৌড়োদৌড়ির জীবন। ঘুমও কতটুকু হয় সন্দেহ! এই কর্পোরেট অফিসের চাকরী করতে গিয়ে রুমেলা সামাজিক জীবন থেকে দূরে সরে যাচ্ছে। অথচ কথা ছিল অরিন্দমের সাথে একটা সংসার পাতার। দুজনে মিলে নীড় বাঁধার। কিন্তু সেও ব্যস্ত তার কাজ নিয়ে। অগত্যা আলাদা শহরে দুটি মন বসবাস করে, একসাথে থাকা আর হয়ে ওঠে না। তবে দুজনের মধ্যে একটা ব্রিজ তৈরী হয়েছে। ভালো মাসীমা। অরিন্দমের মা। ভদ্রমহিলার এতো ধৈর্য্য আর এতো অগাধ ভালোবাসার মন যে রুমেলা অবাক হয়ে যায়। সেবার যখন অরিন্দমের গল ব্লাডার এ ষ্টোন অপারেশন হলো ,রুমেলা ছুটেছিল হসপিটালে ।যদিও অরিন্দম প্রথমে নিমরাজি ছিল কারণ রুমেলার কথা সে বাড়িতে বলে উঠতে পারেনি। আর হসপিটালে আত্মীয় স্বজন থাকবে। সবমিলিয়ে অরিন্দম চায়নি কোনো অপ্রীতিকর পরিস্থিতি হোক। কিন্তু রুমেলার মন মানেনি। অরিন্দম হাসপাতালে আর সে কি করে বাড়ি বসে থাকে? তাই বায়না করেই সে চলে গেছিল তাকে দেখতে। সেখানে অরিন্দমের মায়ের সাথে আলাপ করে অরিন্দমের বন্ধু হিসেবে। যদিও অনেক দ্বিধা কাজ করছিল তার মনে, অরিন্দমের মা ঠিক কীভাবে নেবেন বিষয়টা। কিন্তু রুমেলা অবাক হয়ে গেছিল মাসীমার আন্তরিকতা দেখে। সে একথাটা অরিন্দমকে বলেওছিল পরে। এরপর বহুদিন কেটে যায়। অরিন্দম সুস্থ হয়ে তার কাজ নিয়ে ব্যস্ত হয়ে যায়। রুমেলাও অফিস আর বাড়ী করতো কিন্তু মনমরা হয়ে থাকতো। তারপর একদিন অরিন্দমের মাকে মোবাইলে মেসেজ করে কেমন আছেন জিজ্ঞাসা করে। উত্তর পেতে বেশী দেরী হয়নি। ক্রমে ক্রমে রুমেলার সাথে মাসীমার দারুন ভাব জমে ওঠে। সকাল, দুপুর, রাত্তির কথা হতো। কোনোদিন মেসেজ না পেলে দুজনেরই মন খারাপ থাকতো। রুমেলা যেন অরিন্দমের থেকেও তার মাকে বেশী ভালোবেসে ফেলেছিল। অন্য এক প্রেমে সে বিভোর হয়ে গেছিল। মানুষ তো ব্যবহারের উষ্ণতাটুকুই খোঁজে। অরিন্দম এসবের বিশেষ কিছুই জানতো না। শুধু সে ভাবতো রুমি তো তাকে আজকাল আর বিরক্ত করে না। রুমেলাও সে রহস্য ভাঙেনি। ভালো মাসীমাকে নিয়ে তার দিন বেশ হই হই করেই কেটে যাচ্ছিল।

এরই মধ্যে রুমেলাকে অফিসের কাজে ট্যুরে বাইরে যেতে হলো, প্রায় একমাস। আর এতো কাজের চাপ যে সে সারাদিনে একটিবারও ভালো মাসীমার খবর নিয়ে উঠতে পারেনি। আজকাল সে অরিন্দমের থেকেও ভালো মাসীমার জন্য বেশী ভাবে। আর এমনিতেও অরিন্দমের সাথে তার প্রায় মাস তিনেক কথা নেই। সে নিয়ে আগে কষ্ট পেতো রুমেলা কিন্তু এখন আর ওসব ভাবে না। কলকাতায় এয়ারপোর্টে নেমেই সে ভালো মাসীমার নাম্বারটা চেক করলো। কিন্তু সাতদিন আগে শেষ অনলাইন ছিলেন দেখাচ্ছে। কী হলো, ভালো মাসীমার শরীর-টরীর খারাপ হয়নি তো! কিভাবে জানবে রুমেলা?

এসব সাতপাঁচ ভাবতে ভাবতে রুমেলা তার বাড়ি ঢুকলো। রাত্তির প্রায় নটা নাগাদ অরিন্দমের মেসেজ পেলো রুমেলা। লিখেছে, "মা চলে গেলো" রুমেলা বিদ্যুৎস্পৃষ্টের মতো চমকে উঠলো। কী বলছেটা কি অরিন্দম! অরিন্দমকে ফোন করে রুমেলা হাউ হাউ করে কেঁদে উঠলো। "এতো বড়ো ঘটনা ঘটে গেলো, একটিবার আমাকে জানালে না অরিন্দম?" "কি বলতাম? এমনিতেই আমি তোমার সাথে অনেক খারাপ ব্যবহার করি, করেছি..."রুমেলা কাঁদতে কাঁদতে জবাব দিলো, "আমি যে তোমার মাকে বড়ো ভালোবেসে ফেলেছিলাম। হয়তো তোমার থেকেও বেশী" অরিন্দম অবাক হয়ে কথাগুলো শুনছিল।

রুমেলা ফোনটা রেখে বাইরে বারান্দায় এসে দাঁড়ায়। আকাশের কোন্ তারাটা তার ভালো মাসীমা? মনে মনে সে বলতে থাকে, "এরকম তো কথা ছিল না মাসীমা, হঠাৎ আমায় একলা ফেলে চলে গেলেন যে বড়ো? আমি যে জীবনের প্রতি প্রেম ভালোবাসার পাঠ নিচ্ছিলাম আপনার থেকে, ছায়াপথে মিলিয়ে গেলেন?" রুমেলার চোখের জল দেখে আকাশের কোনো একটা তারা যেন একটু জ্বল্ জ্বল্ করে উঠলো অন্য প্রেমের ছোঁয়ায়...



# Photography
## Karabi Banerjee

*“আকাশ আমায় ভরল আলোয়*

*আকাশ আমি ভরব গানে”*

# ভালোবাসার দেশে

## অঞ্জুশ্রী ব্যানার্জী

**কো**লকাতার দুর্বিষহ গরমে যখন ক্লান্ত, বিধ্বস্ত ঠিক তখনই ছেলে মেয়ের কাছ থেকে ডাক এল তাদের কাছে যাওয়ার জন্য। মন তো পড়েই থাকে ওদের কাছে, কিন্ত এখন শরীর ক্রমশই ক্লান্ত হয়ে পড়ছে বুঝতে পারি, তবুও এ ডাক এড়াতে পারি না। তাই আবারো চল্লাম আমার বড় প্রিয় দেশ ইংল্যান্ডে। এখানে যখন থাকি মনে হয় না বেড়াতে এসেছি। নিজের দেশের মতোই মনের টান উপলব্ধি করি। ছেলেমেয়েরা তাদের জীবন সুন্দরভাবে প্রতিষ্ঠিত করেছে এখানে। ওদের দেখে আমিও শান্তি ও স্বস্তি পাই, নিশ্চিন্ত থাকি। অনেকবার ঘুরে ঘুরে আসা হয়েছে এ দেশে,তবু মনে হয় নতুন করে সব দেখছি,নতুন অভিজ্ঞতায় সমৃদ্ধ হচ্ছি।

ছেলে মেয়ে এ দেশে থাকার জন্য একবার শেফিল্ড ও একবার লন্ডনে থাকতে হয়। এখানকার জীবনযাত্রা অনেকখানি আলাদা আমাদের থেকে। সুশৃঙ্খল ও নিয়মে বাঁধা জীবন এখানে। খুব ব্যস্ততা কারণ সব কিছু নিজেদেরই করে নিতে হয়। যখন আসি মনে হয় ওদের জন্য যদি কিছু করতে পারি নিজেরই ভালো লাগবে আর ওদের তো ভালো লাগেই।

এখানকার প্রাকৃতিক সৌন্দর্যের কথা বলে শেষ করা যাবে না, এত সবুজ, নীলিমায় নীল আমরা আর কোথায় পাই? এখানে এলে বুঝতে পারি আকাশের সত্যিকারের রঙ, গাছের পাতার উজ্জ্বল সবুজ সতেজতা আর অপূর্ব সব রঙ বেরঙের ফুলের সমারোহ। এ সবই কি যে ভাল লাগে! প্রাণভরে নিই শুদ্ধ বাতাস যা মন প্রাণ জুড়িয়ে দেয়।

লন্ডনে থাকতে ছেলের সাথে বিভিন্ন দ্রষ্টব্য স্থানগুলি ঘুরে দেখলাম। আগে দেখলেও নতুন করে যেন ভালো লাগলো। কত যত্নে এরা প্রাচীন সব দ্রষ্টব্য স্থানগুলিকে সংরক্ষণ করে রেখেছে। শহরটিকে পরিষ্কার পরিচ্ছন্ন ও যত্নে রাখার দায়িত্ব যেন সবারই। কোলাহল বা ভীড় থাকলেও কখনোই তা অন্যকে বিরক্ত বা অসুবিধা করে না। সেটা কি শুধুই জনসংখ্যার কারণে? না ভালোভাবে থাকার সহবত শিক্ষা? যা নাকি ছোট বয়স থেকেই এরা শিখে যায়। আমার নাতি নাতনিদের দেখেছি এত সুন্দর সহবত শিক্ষা নিয়ে এরা বড় হয় যে একেই স্বাভাবিক জীবন মনে করে যা নাকি আমাকে মুগ্ধ করে।

লন্ডনে চওড়া পরিষ্কার পরিচ্ছন্ন রাস্তা দিয়ে হাঁটতে এত ভালো লাগে, আর আমার ভীষণ প্রিয় পার্কে গিয়ে বসা। নাম না জানা অজস্র গাছের সারি বিশাল ডালপালা মেলে কোথাও রৌদ্র কোথাও বা ছায়া দিয়ে অপরূপ সৌন্দর্যে সাজিয়ে রেখেছে। অনতিদূরে বসার জায়গা। সেখানে বসে থাকি আর অনুভব করি ভাল লাগার এই মুহূর্তগুলো।

শেফিল্ড আমার স্বপ্নের শহর। শহরকে এত সুন্দর করে যে রাখা যায়, না দেখলে জানতাম না। চারিদিকে শুধু সবুজ গাছপালা ও অজস্র রঙিন ফুলের বাহার। রাস্তাঘাট এত পরিচ্ছন্ন যে মনে হয় এই মাত্র কেউ নিপুণ হাতে সব পরিষ্কার করে গেছে। যতটুকু দেখেছি প্রায় সব জায়গাতেই পরিচ্ছন্নতা আমাকে মুগ্ধ করেছে। মেয়ের বাড়ী সুন্দর করে সাজানো গোছানো এবং বাড়ীর সংলগ্ন বাগানটিতে বসে থাকি। এ যেন এক অন্য জগতে নিয়ে যায় আমাকে। অজস্র নাম না জানা গাছের সারি এবং বিভিন্ন ফুলের গাছ দিয়ে ঘেরা অপূর্ব সুন্দর বাগানটি আমায় মুগ্ধ করে। ঘন্টার পর ঘন্টা বসে থেকেও আশ মেটেনা। আমাদের দেশের ঘুঘু পাখির মতো একরকম পাখি সারা বাগান জুড়ে ঘুরে বেড়ায়। শন্ শন্ হাওয়ায় গাছের পাতার শব্দে মায়াময় কোন অন্য জগতে চলে যাই। ভগবানের এ এক অপার করুণা, এমনসব জায়গায় থেকে পরম প্রিয় নাতি নাতনী, ছেলে মেয়ে বৌ জামাই সবার সাথে সময় কাটাতে পারি। জীবনে চাওয়ার থেকে পাওয়ার ডালি এভাবেই ভগবান ভরে দিয়েছেন।

আরো ভালো লাগে দুর্গা পূজায় এখানে থাকতে। সবাই এরা যেন একটা পরিবার হয়ে যায়। আমরাও সেই আনন্দে সামিল হতে পেরে ধন্য হয়ে যাই। কত যে আনন্দে কাটে কটাদিন বলার নয়। সন্তানসম মেয়ের বন্ধুরা কত যে আপন করে নিয়েছে আমাদের, এদের ভালোবাসা আন্তরিকতা কোনদিন ভুলব না। দেশের মত এখানেও শারদীয়া দুর্গাপূজা এদের সবচেয়ে বড় উৎসব। ভারতীয় পোষাকের সাজে, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনে বিদেশে থেকেও দেশের মতো আনন্দে আবেগে মেতে ওঠে সবাই। এদের ভালোবাসা ও ভালোলাগার সম্পদ মন ভরে নিয়ে দেশে ফিরে যাব। অনেক কিছু দেখে গেলাম, ছেলে মেয়েদের সঙ্গ আর অপরূপ প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করলাম। চিরসুখে থাক ওরা আর ওদের মত আর যারা পরিজন ও দেশ ছেড়ে এ দেশকে আপন করে নিয়েছে নিজেদের মত করে।

কবিগুরুর ভাষায় বলি

*"যাবার দিনে এই কথাটি বলে যেন যাই/যা দেখেছি যা পেয়েছি তুলনা তার নাই/এই জ্যোতি সমুদ্র মাঝে যে শতদল পদ্ম রাজে/তারি মধু পান করেছি ধন্য আমি তাই/যাবার দিনে এই কথাটি জানিয়ে যেন যাই।"*



pc Sinjini

# Pujo Moments





























# The Art of Colour and Culture: My Rangoli Sand in the Millenium Gallery - Colour Exhibition



**C**reating a piece of art that blends tradition, culture, and personal joy has always been close to my heart. This year in Sheffield, I had the wonderful opportunity to share a vibrant piece of my heritage through a Rangoli sand art installation in the Millenium Gallery. This installation was part of the Colour Exhibition, which ran from 19th July to 14th of September 2025. As someone deeply inspired by the traditions of India, this was my way of welcoming the community into a colourful celebration of identity and creativity.

## Honouring Ancient Traditions in a Modern Space

Rangoli is a centuries-old Indian art form, typically created on the ground with coloured powders, rice flour, flower petals, or sand. Growing up, I would often see these intricate designs made during Diwali, Pongal, and other festivals. They weren't just decorative—they were symbols of a warm welcome, prosperity, joy, the feeling of coming together & harmony.



In Sheffield, I brought this tradition to life using coloured sand. The vibrant geometric shapes, floral motifs, and small wax lamps (diyas) were all arranged with intention and love. This installation was more than just an artwork—it was a cultural conversation.

As an artist living in Sheffield but carrying the heart of India within me, this Rangoli was a blend between a deep personal expression and the theme of the exhibition, of course, 'Colour'. I wanted to reflect the transient beauty of life—the way patterns come alive and fade, just like memories. The use of sand particularly speaks to this sense of impermanence. As I did not picture any design leading up to the day I was doing the installation, it gave me the creative freedom to adapt to the essence of the exhibition, once I was onsite. I could incorporate a cohesiveness between the other exhibits being installed, the logo of this Exhibition and just feel the ambience and create a



design on the flow, that would look very natural and cohesive, for anyone who visited the Exhibition as they traversed through the exhibits.

The plaque next to my work shared that 'patterns often include geometric shapes, lotus flowers, or peacocks—symbols passed through generations.' That's exactly what I hoped to convey: tradition carried forward, reshaped with each generation, yet maintaining its vibrance & being meaningful.

Watching visitors walk around the Rangoli, many stopping to admire or ask questions, filled me with immense joy. The installation wasn't behind glass—it was right at their feet, open and inviting, just like the Rangoli I remember from my childhood. It was a reminder of how art can connect and bring people together, regardless of background.

This experience wasn't just about showcasing my work. It was about sharing a moment of cultural exchange, celebrating creativity, and embracing the beauty that comes from diversity.

With love and colour,

**Ishita**

# ডেড ম্যান ব্রট টু লাইফ

## ডাঃ কমল সামন্ত

**অ**নেক দিন আগের কথা, কলকাতায় উত্তম মঞ্চে এক ফাংশন দেখার বিরতির সময় মাঝবয়সি ভদ্রমহিলা আমাকে জিজ্ঞাস করলেন "আপনি কি কমল সামন্ত, ডাক্তার কমল সামন্ত যিনি বিলেতে গিয়েছিলেন?' আমি বললাম 'আজ্ঞে হ্যাঁ', আর ভাবলাম গত ত্রিশ বছরে আমার চেহারার পরিবর্তন হলেও লোকে চিনতে পারছে। ভদ্রমহিলা এবার জিজ্ঞাসা করলেন 'আমাকে চিনতে পারছেন? আমি জোয়ু। আপনি আমার বাবাকে বাঁচিয়ে দিয়েছেন'! আমার মন চলে গেল সেই শীতের সকাল বেলাটাতে। জোয়ু তখন ছোট একটি মেয়ে আমাদেরই প্রতিবেশী, সামনের বাড়িতেই থাকে। ওর বাবা মানিক চ্যাটার্জিকে আমি আমার ছোট বেলা থেকেই চিনি। মাঝ বয়সী ভারাক্কি একজন বড় অফিসর এবং লোকাল ফুটবল ক্লাবের ম্যানেজার। আমি তখন পাড়ার ডাক্তার এবং ওই পাড়াতেই জন্ম ও মানুষ। সকাল বেলা ডাক্তারখানা যাবার জন্যে তৈরি হচ্ছি, জোয়ু ছুটে এসে আমাকে বলল "ভুট্টুদা (ডাকনাম) শিগ্গির এসো, বাবার শরীর খারাপ, বুকে ব্যথা"। বুঝলাম পসিবল হার্ট অ্যাটাক। গিয়ে দেখি মানিকদা অলরেডি এক্সপায়ার্ড। বৌদি স্বামীর ঠোঁটে গীতা গঙ্গাজল ইত্যাদি দিচ্ছেন। পাশে দুই ভাই ও বোন বিমর্ষ। জানলা দিয়ে পড়শীরা উঁকিঝুঁকি মারছে। কান্নার রোল। এ হেন সিচুয়েশনে আমার মনে হলো এক্সটার্নাল কার্ডিয়াক ম্যাসাজ করলে কাজ হতেও পারে। (নাহলে মার খেয়ে পাড়া ছাড়তে হবে)। হসপিটালে হাউসস্টাফ থাকাকালীন একটা কেস বেঁচে গেছে আমার হাতে। সাহস করে সকলকে সরিয়ে দিয়ে মানিকদাকে এক্সটার্নাল কার্ডিয়াক ম্যাসাজ দেওয়ার প্রায় সাথেসাথেই মানিকদা চোখ খুলে নিঃশ্বাস নিতে শুরু করলেন। সকলে হতবাক। অবিশ্বাস্য ঘটনা। লোকাল ফার্মাসি থেকে অক্সিজেন আনার ব্যবস্থা হলো। পার্শ্ববর্তী ডাক্তার নির্মল দাস এবং কার্ডিওলজিস্ট ড:সুখেন বিশ্বাস(এমআরসিপি) এর কনসাল্টেশন নেওয়া হল। মানিকদা আরও বছর দশেক জীবিত ছিলেন। অ্যাঞ্জিওগ্রাম তখনো চালু হয়নি। CPR কথাটা তখন সাধারণ মানুষ জানতই না। ১৯৭১ সালের ঘটনা। (এই ঘটনাটি বিএমজেতে প্রকাশিত হয়েছিল)।

# A Short Journey Through Calabria

## Dr Ricky Ghosh Dastidar

**C**alabria is one of the lesser-known regions of Italy and forms the “toe” part of the southern peninsula.

Its name was given by the Ancient Greeks, who settled in this land starting around 8th century BC. They established the first cities mainly on the coast as Greek colonies. During this period, Calabria was the heart of Magna Graecia.

The land is bordered to the north by the region of Basilicata and boasts a spectacular coastline as the Tyrrhenian Sea lies to its west and the Ionian Sea to its east.

In addition to its stunning beaches, Calabria is full of history and there are numerous churches, monasteries, castles and palaces to be discovered there.

### Reggio Calabria

A good starting point for your Calabrian adventure is Reggio Calabria; the most populous and largest of Calabria’s cities.

It is separated from the Island of Sicily by the Strait of Messina and has a modern city-centre, set up after a devastating earthquake in 1901 which destroyed most of it. One of the most important visitor attractions here is the National Archaeological Museum of Magna Graecia, dedicated to Ancient Greece.

The museum houses the world-famous Bronzes of Riace, which depict two life-sized Greek warrior heroes dating back to the 5th century BC.

These extremely rare Greek sculptures were recovered in the sea near Riace in 1972 and are now considered a symbol of Reggio Calabria.

### Tropea

Tropea is one of Calabria’s most picturesque towns and often regarded as the Jewel of the Tyrrhenian.

Its marvellous Coastliner, sea-cliffs and resorts make it an attractive destination for tourists and the view of the crystal-clear waters from the top of the Santa Maria dell ‘Isola Church (formerly a Benedictine monastery) is truly remarkable. When it comes to dining in Tropea, make sure you try Ill Normanno; a rustic restaurant offering exquisite food and an unrivalled view of the harbour.

## Pizzo

Another sea-side attraction worth visiting is the small medieval city of Pizzo. The urban centre of this charming city offers interesting high-class residences and many ancient churches, including the Little Church of Piedigrotta.

Pizzo has a historic castle which was built during the 15th century and is most famous for being the site where Gioacchino Murat (Napoleon's brother-in-law) was imprisoned and executed.

Pizzo is also home to the world-famous dessert; tartufo di Pizzo. This is an artisan ice-cream consisting of hazelnuts and chocolate dusted with cocoa.

## Cuisine

Italy is a land often synonymous with its cuisine and Calabria brings more than its fair share to the table when it comes to local delicacies.

The first of these is the red onion of Tropea. Said to have been imported by the Pheonicians over 2000 years ago, this particular onion has a distinctively sweet flavor and is even used as an ingredient for the local ice-cream.

Calabrians believe the red onion to possess outstanding medicinal benefits and these include diuretic, laxative, antibiotic and aphrodisiac properties.

The red onion of Tropea has a violet tunic and a large bulb and perhaps not surprisingly, is one of the vegetables most often used in the Calabrian kitchen.

Nduja is also a favourite of the region. This spicy sausage dish contains a mixture of pork meat, bacon fat and hot pepper and is commonly spread on bread. These days it is widely found as a pizza topping and available in most Italian restaurants and supermarkets.

Another staple of Calabrian cuisine is the red chilli pepper, known locally as pepperoncino. Originally favoured in poorer communities due to its low cost and ease of cultivation, the red chilli pepper has slowly become a staple for all Calabrians, as more of it is consumed in this region than in any other part of Italy. As with the Tropea onion, the red chilli pepper is so well-loved, they even use it as an ingredient in several dessert recipes.

## A place to stay

One of the hotels that comes highly recommended is the Altafiumara Resort.

Located just 11 km from Reggio Calabria and covering over 10 hectares of rich, green parkland, the hotel offers a wide range of amenities as well as a stunning view across the Strait of Messina to the island of Sicily.

www.altafiumararesort.com









# Devi Chandi’s Journey: Puranic Grandeur & Local Lore

## Diya Mukherjee

**D**urga Puja, a vibrant tapestry of devotion, festivity, and cultural heritage, stands as a grand homage to the divine feminine. At the heart of this celebration, beyond the familiar visage of Durga Mahishasuramardini, lies the formidable and multifaceted deity known as Chandi. She is the epitome of Shakti, the primordial cosmic energy, yet her presence transcends simple categorization. To truly understand Chandi's profound significance, one must delve into the dual streams of narrative that shaped her emergence: the grand, theological pronouncements of mainstream Puranic texts and the earthy, intimate echoes of subaltern, folk traditions. Her ascent to supreme status is not a singular event but a complex, centuries-long process of assimilation, transformation, and enduring popular devotion.

The mainstream narrative of Chandi is predominantly cemented by the **Devi Mahatmya**, a revered text embedded within the **Markandeya Purana**, dating roughly to the 5th-6th century CE. This foundational scripture elevates Chandi to the status of *Para Shakti*, the ultimate reality, transcending even the revered Hindu Trimurti of Brahma, Vishnu, and Shiva. In this magnificent account, when the gods are rendered powerless by the demon Mahishasura, and later by the formidable Shumbha and Nishumbha, it is from their accumulated wrath and collective effulgence that Chandi manifests. As the Devi Mahatmya states in **Chapter 2**, describing her cosmic origin **(verses 11-13):**

**Sanskrit:** तेजसः सङ्ग्रहं घोरं द्दष्ट्वा तां त्रेदशेषाः।
त्रिशूलं शूलिनो जातमग्निकालाग्निसन्निभम्॥
तदा समस्तदेवानां तेजसो रसमुत्तमम्।
समुद्भूतं तदा तेजः पुञ्जभूतं महाप्रभम्॥
यथा हि पर्वतोऽग्निस्य पुञ्जि भूतो भवेद्द्विज।

**English Translation:**

"Seeing that terrible mass of light, all the gods [were amazed]. The trident of the trident-bearer [Shiva] became like fire and the destructive fire. Then, the excellent essence of the light of all the gods arose; that mass of light then manifested, exceedingly radiant, appearing like a mountain of fire."

This unified cosmic power, Chandi, embodies Mahakali, Mahalakshmi, and Mahasaraswati – the aspects of destruction, preservation, and knowledge – to restore cosmic order.

The Devi Mahatmya portrays Chandi as the quintessential warrior goddess, her roar shaking the heavens, her weapons blazing with divine might. Her battles are not merely physical skirmishes but cosmic encounters against the forces of chaos and ignorance. She annihilates Mahishasura, the buffalo-demon, symbolizing the triumph over ego and brute materialism. Subsequently, she vanquishes Shumbha and Nishumbha, representing the annihilation of pride and delusion. The text's elaborate descriptions of her ferocity, her dazzling beauty, and her unwavering resolve captivated the imagination of devotees, firmly establishing her as the supreme protector and grantor of liberation. Theologically, the Devi Mahatmya orchestrated a brilliant act of **Sanskritization**, consolidating numerous existing goddess cults and local deities under the overarching umbrella of Chandi, thereby integrating diverse worship traditions into a coherent, pan-Indian Puranic framework. This theological scaffolding provided a universal language for understanding the divine feminine as the ultimate, all-encompassing power.

However, the story of Chandi's emergence is incomplete without acknowledging the vital role played by **subaltern narratives**. Long before the Devi Mahatmya codified her supremacy, various regions and communities across the Indian subcontinent worshipped powerful indigenous goddesses. These were often **Grama-Devatas** (village deities), tribal goddesses, or deities associated with specific natural phenomena, agricultural cycles, fertility, disease prevention, or protection from localized dangers. Their worship was rooted in direct experience, often involving simpler rituals, oral traditions, and an intimate connection to the immediate needs and fears of the common people.

